জাগ্রৎকালেই পুরুষের শুভাশুভ হইয়া থাকে, স্বপ্নকালেও কোন ফল সম্বন্ধ আছে, এই নিমিত্তই শাস্ত্রে নিদ্রাকালে রেতস্খলন নিমিত্ত প্রায়-শ্চিত্ত উক্ত হইয়াছে। সেই পুরুষ হইতেই এই লোকের আবির্ভাব হয়, ইনি অন্তর্য্যামী, অর্থাৎ দেহাভ্যন্তরে অবস্থিত হইয়া বাক্য প্রভৃতি নিয়-মিত করিতেছেন। এই পুরুষ পক্ষিতুল্য, যেহেতু ইহার দেশান্তর হইতে বস্তু গ্রহণের সামর্থ্য আছে, আর ইহার বক্রগতিপ্রযুক্ত এই পুরুষ কর্কটনামক জলচর জন্তু সদৃশ। এই পুরুষই দেহাদির পুষ্টিসাধন করেন এবং ইনিই প্রাণের কর্ত্তা, এই নিমিত্ত ইহাঁকে প্রাণও বলা যায়। এই পুরুষই হিংসক, ইনি দেহাদি পুরীতে শয়ান আছেন বলিয়াই ইহাকে পুরুষ বলা যায়, এই পুরুষই পরাপর, অর্থাৎ সগুণনির্গুণভেদে কার্য্যকারণরূপ ব্রহ্ম এবং ইনি আত্মা, অতএব ব্রহ্ম ও আত্মার অভেদ জানা যাইতেছে।

স এবং বেদ স পরং ব্রহ্মধাম ক্ষেত্রজ্ঞমুপৈতি স পরং ব্রহ্মধাম ক্ষেত্রজ্ঞমুপৈতি ॥ ১৪ ॥

অথাস্য পুরুষস্য চত্বারি স্থানানি ভবন্তি নাভি হৃদয়ং কণ্ঠং মূর্দ্ধেতি ॥ ১৫ ॥

ভেদ ইত্যর্থঃ। সা দেবতা বেদয়তি সর্ব্বচেতনত্বাৎ নান্যোঽতোঽস্তি দ্রষ্টেতি শ্রুতেঃ ॥ ১৩ ॥

ফলমাহ য এবমিতি ধামং সর্ব্বাধারং প্রকাশাত্মকং বা ক্ষেত্রজ্ঞং সাক্ষিণম্ উপৈতি স্বাত্মতয়া প্রতিপদ্যতে ॥ ১৪ ॥

পুরুষস্য উক্তলক্ষণস্য স্থানানি তত্র ধ্যানে সতি শীঘ্রমভিব্যক্তেঃ। নাভি মণিপুরচক্রং হৃদয়ম্ অনাহতং কণ্ঠং কণ্ঠঃ বিশুদ্ধিচক্রং মূর্দ্ধা আজ্ঞাচক্রম্। আধারাদ্যনেকধ্যানস্থানসত্ত্বেঽপি প্রাশস্ত্যার্থং চতুর্ণাং গ্রহণম্ যদুক্তম্—"আধারে প্রথমে চক্রে দ্রুতকাঞ্চন-সন্নিভে। নাসাগ্রদৃষ্টিরাত্মানং ধ্যাত্বা যোগী সুখী ভবেৎ ॥ স্বাধিষ্ঠানে শুভে চক্রে সন্মাণিক্যশিখোপমে। নাসাগ্রদৃষ্টিরাত্মানং ধ্যাত্বা যোগী সুখীভবেৎ ॥" ইত্যাদি ॥ ১৫ ॥

শ্রুতিতে লিখিত আছে যে, সেই আত্মারূপ দেবতাই সকল জানেন, তিনি ভিন্ন সর্ব্ববেত্তা আর নাই ॥ ১৩ ॥

যিনি উক্ত প্রকারে সর্ব্বাধার ও স্বপ্রকাশস্বরূপ আত্মাকে জানিতে পারেন, তিনি সর্ব্বসাক্ষীভূত ব্রহ্মধাম প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১৪ ॥

আত্মপুরুষের চারিটী অবস্থানের স্থান আছে, যথা।—নাভি, হৃদয়, কণ্ঠ ও মূর্দ্ধা। এই সকলস্থানে পরমাত্মাকে ধ্যান করিলে শীঘ্র ফললাভ হয়। নাভিতে মণিপূরচক্র, হৃদয়ে অনাহতচক্র, কণ্ঠে বিশুদ্ধচক্র এবং মূর্দ্ধাতে আজ্ঞাচক্র আছে। এই সকল চক্রই পরমাত্মার ধ্যানের আস্পদ, আধারাদি অনেক চক্র সত্ত্বেও উক্ত চারি স্থানই প্রশস্ত। শাস্ত্রান্তরে লিখিত আছে যে, যোগী নাসাগ্রে দৃষ্টিস্থাপনপূর্ব্বক গলিত কাঞ্চনসন্নিভ আধারাখ্য প্রথম চক্রে আত্মাকে ধ্যান করিলে সুখী হইতে পারে এইরূপে স্বাধিষ্ঠান-চক্রে আত্মাকে ধ্যান করিলে তাহার সুখলাভ করিতে পারে ॥ ১৫ ॥

তত্র চতুষ্পাদং ব্রহ্ম বিভাতি ॥ ১৬ ॥

জাগরিতং স্বপ্নং সুষুপ্তং তুরীয়মিতি। জাগরিতে ব্রহ্মা স্বপ্নে বিষ্ণুঃ সুষুপ্তে রুদ্রঃ তুরীয়ে পরমক্ষরম্ স আদিত্যশ্চ বিষ্ণুশ্চেশ্বরশ্চ স পুরুষঃ স প্রাণঃ স জীবঃ সোঽগ্নিঃ সেশ্বরশ্চ জাগ্রৎ তেষাং মধ্যে যৎপরং ব্রহ্ম বিভাতি ॥ ১৭ ॥

স্বয়মমনস্কমশ্রোত্রমপাণিপাদং জ্যোতির্ব্বর্জ্জিতম্ ন

ননু কিমেতাসন্ত্যা স্থানানি নির্দ্দেশ্যন্তে নাধারাদীনি ইত্যত আহ তত্রেতি। তত্র তেষু স্থানেষু বিভাতি বিশেষেণ ভাতি, অল্পধ্যানেন প্রকাশতে ॥ ১৬ ॥

কে পাদাঃ ইত্যত আহ জাগরিতমিতি। এষাং পাদত্বং পর্য্যায়-ব্যাপৃতত্বাৎ আরোপিতত্বেনানুত্তমাঙ্গত্বাৎ প্রবৃত্তেস্তদধীনত্বাচ্চ। সঃ চতুরবস্থঃ আত্মা আদিত্যাদিঃ সেশ্বরশ্চেতি স ঈশ্বরশ্চ। জাগ্রৎ ইতি ব্রহ্মণো বিশেষণং দেদীপ্যমানমিত্যর্থঃ। তেষাং জাগ্রদাদীনাম্ ॥ ১৭ ॥

তস্য স্বরূপমাহ স্বয়মিতি। জ্যোতির্ব্বর্জ্জিতং কিন্তু ইন্দ্রিয়াদি-রহিত-

---

পূর্ব্বশ্রুতিতে উক্ত হইয়া যে, নাভি, হৃদয়, কণ্ঠ ও মূর্দ্ধা এই চারিস্থানই ব্রহ্মধ্যানের আস্পদ। ইহাতে আধারাদি ব্রহ্মস্থান নহে, ইহাই প্রতীতি হইতেছে। ইহার মীমাংসা এই যে, নাভি প্রভৃতি স্থানচতুষ্টয়ই প্রশস্ত-স্থান, এই সকল স্থানে অল্পধ্যানেই ব্রহ্ম প্রকাশ পাইয়া থাকেন; সুতরাং উক্ত স্থানচতুষ্টয়ের উল্লেখ করিলেন ॥ ১৬ ॥

জাগরিত, স্বপ্ন, সুষুপ্ত ও তুরীয়, ইহারাই ব্রহ্মের চারিপাদ। জাগরিতে ব্রহ্মা, স্বপ্নে বিষ্ণু, সুষুপ্তে রুদ্র এবং তুরীয়ে পরমাক্ষর। উক্ত চতুরবস্থাপন্ন ব্রহ্মই আদিত্য, বিষ্ণু, ঈশ্বর, তিনিই পুরুষ, তিনিই প্রাণ, তিনিই জীব এবং তিনিই ব্রহ্মা। এই জাগ্রদাদি অবস্থার মধ্যেই পরব্রহ্ম প্রকাশ পাইয়া থাকেন ॥ ১৭ ॥

পরব্রহ্ম মনোবিহীন, তাঁহার কর্ণ নাই, হস্ত নাই এবং পাদনাই, তিনি

তত্র লোকা ন লোকাঃ দেবা ন দেবাঃ বেদা ন বেদাঃ যজ্ঞা ন যজ্ঞাঃ মাতা মাতা পিতা ন পিতা স্নুষা ন স্নুষা চাণ্ডালো ন চাণ্ডালঃ পৌল্কসো ন পৌল্কসঃ শ্রমণো ন শ্রমণঃ পশবো ন পশবঃ তাপসো ন তাপসঃ ইত্যেকমেব পরং ব্রহ্ম বিভাতি ॥ ১৮ ॥

হৃদ্যাকাশে তদ্বিজ্ঞানমাকাশং তৎ শুষিরমাকাশং তদ্বৈদ্যং হৃদ্যাকাশং তস্মিন্নিদঞ্চ বিচরতি যস্মিন্নিদং সর্ব্বমোতং প্রোতম্ ॥ ১৯ ॥

মপি জ্যোতীরূপমেব। স্নুষা পুত্রবধূঃ শূদ্রাদব্রাহ্মণ্যাং জাতশ্চাণ্ডালঃ। পৌল্কস ইতি নিষাদাচ্ছূদ্রায়াং জাতঃ পুক্কসঃ ভিল্লঃ স এব পৌল্কসঃ। শ্রমণ ইতি সোঽপি নীচজাতিভেদঃ "শ্রমণো জাতিভেদে চ শ্রমণো নিন্দ্যজীবিনি"। ইতি বিশ্বঃ ॥ ১৮ ॥

ক্ক ভাতি কিংরূপঞ্চ ব্রহ্ম ইত্যত আহ হৃদীতি। বিজ্ঞানং চিদ্রূপম্ আকাশং স্বচ্ছং তৎ ব্রহ্ম। উভয়োরাকাশয়োরবিশেষমাশঙ্ক্য ক্রমেণ দ্বয়োর্লক্ষণে আহ তৎ শুষিরমিতি। মন্ত্রেঽপ্যুক্ত—"হৃদয়ং তদ্বিজানীয়াদ্বিশ্বস্যায়তনং মহৎ।" ইতি ॥ ১৯ ॥

ইন্দ্রিয়াদিরহিত, অথচ স্বপ্রকাশস্বরূপ তাঁহার নিকটে লোকও লোক নহে, দেবতাও দেবতা নহে, বেদও বেদ নহে, যজ্ঞও যজ্ঞ নহে, মাতাও মাতা নহে, পিতাও পিতা নহে, পুত্রবধূও পুত্রবধূ নহে, চণ্ডালও চণ্ডাল নহে, ব্যাধও ব্যাধ নহে, অন্ত্যজাতিও অন্ত্যজাতি নহে, পশুও পশু নহে এবং তপস্বীও তপস্বী নহে, সকলই পরব্রহ্মের নিকট সমান। কেহই ব্রহ্মসমীপে আপন প্রভাব প্রকাশ করিতে পারে না, কেবল ব্রহ্মই সর্ব্বদা প্রকাশ পাইতেছেন ॥ ১৮ ॥

হৃদয়াকাশেই ব্রহ্ম প্রকাশিত হয়েন, তিনি চিন্ময় আকাশবৎ স্বচ্ছ। হৃদয়াকাশে ও বাহ্যাকাশের কোন প্রভেদ নাই; সুতরাং ব্রহ্ম সর্ব্বত্র বিদ্য-

থং বিভোঃ প্রজাঃ সংবিজ্ঞায়েরন্ ॥ ২০ ॥

ন তত্র দেবা লোকা ঋষয়ঃ পিতর ঈশতে প্রতিবুদ্ধঃ সর্ব্ববিদিতি ॥ ২১ ॥

হৃদিস্থা দেবতাঃ সর্ব্বা হৃদি প্রাণাঃ প্রতিষ্ঠিতাঃ। হৃদি প্রাণশ্চ জ্যোতিশ্চ ত্রিবৃৎ সূত্রঞ্চ যন্মহৎ ॥ ২২ ॥

এতজ্‌জ্ঞানস্য ফলং সর্ব্বজ্ঞতামাহ ত্বং বিভোরিতি। বিভোঃ প্রজাঃ সম্যক্ জ্ঞায়েরন্ যস্মিন্ বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতীত্যর্থঃ। যচ্ছান্দোগ্যে স যদি পিতৃলোককামো ভবতি সঙ্কল্পাদেবাস্য পিতরঃ সমুত্তিষ্ঠন্তি তেন পিতৃলোকেন সম্পন্নো মহীযতে ইত্যাদি ॥ ২০ ॥

ফলান্তরমাহ ন তত্রেতি তত্র জ্ঞানিনি দেবা ঋষয়ঃ পিতরশ্চ ন ঈশতে ঋণত্রযাতীতো ভবতীত্যর্থঃ। প্রতিবুদ্ধো যঃ সঃ সর্ব্ববিৎ সর্ব্বমাত্মত্বেন বুদ্ধবান্। ন হ্যাত্মন এব ভয়ং ভবতীতি হেতোঃ ॥ ২১ ॥

বিদিতবেদিতব্যস্য সন্ন্যাসং বিবক্ষুর্ব্বাহ্যদেবপূজাদিত্যাগঃ সাহসমিত্যাশঙ্ক্যাত্মবেব সর্ব্বমস্তীতি প্রতিপাদযতি মন্ত্রঃ হৃদিস্থা ইতি। দেবতাঃ

মান আছেন এবং এই জগৎ সেই ব্রহ্মেতে প্রতিষ্ঠিত রহিয়াছে। মন্ত্রার্থেও জানা যাইতেছে যে, সেই জগদাশ্রয় ব্রহ্মকে হৃদয়ে জানিবে ॥ ১৯ ॥

সর্ব্বজ্ঞতাই ব্রহ্মবিজ্ঞানের ফল। সেই ঈশ্বরকে জানিতে পারিলেই তাঁহার প্রজা সকল পরিজ্ঞাত হয়; সুতরাং ব্রহ্মবিজ্ঞানেই সর্ব্বজ্ঞত্ব লাভ জানা যায়। "স যদি পিতৃলোককামোভবতি" ইত্যাদি ছান্দোগ্যশ্রুতিতেও ব্রহ্মবিজ্ঞানের সর্ব্বজ্ঞত্ব ফল উক্ত আছে ॥ ২০ ॥

ব্রহ্মবিজ্ঞানের ফলান্তর কহিতেছেন।—যে ব্যক্তির ব্রহ্মবিজ্ঞান হইয়াছে, তিনি দেবঋণ, ঋষিঋণ ও পিতৃঋণ হইতে মুক্ত হইতে পারেন। ব্রহ্মপরিজ্ঞান হইলে তাহার সর্ব্বজ্ঞতালাভ হয়; সুতরাং তাহার আর ঋণত্রয়ের ভয় থাকে না ॥ ২১ ॥

ব্রহ্মপরিজ্ঞান হইলে কিরূপে সন্ন্যাসযোগ হয়, তাহা কথিত হইতেছে।—ব্রহ্মজ্ঞানের পর বাহ্য দেবাদিতে অনুরাগ থাকে না। তখন আমিই সর্ব্বময়

হৃদি চৈতন্যে তিষ্ঠতি ॥ ২৩ ॥

যজ্ঞোপবীতং পরমং পবিত্রং প্রজাপতের্যৎ সহজং পুরস্তাৎ। আয়ুষ্যমগ্র্যং প্রতিমুঞ্চ শুভ্রং যজ্ঞোপবীতং বলমস্তু তেজঃ ॥ ২৪ ॥

ব্রহ্মাদয়ঃ ইন্দ্রিয়াধিষ্ঠাতারশ্চ প্রাণাঃ বাগাদয়ঃ প্রাণঃ মুখ্যপ্রাণঃ জ্যোতিঃ বিষয়প্রকাশঃ। শুদ্ধং ব্রহ্ম চ সর্ব্বমূলভূতমব্যক্তমপি হৃদ্যেবাস্তীত্যাহ ত্রিবৃদিতি। সত্বরজস্তমসাং পরস্পরসঙ্করেণ নবগুণমব্যক্তং ত্রিবৃৎ সর্ব্বকর্ম্মাঙ্গং বাহ্যং নবতন্তুকঞ্চ সূত্রং প্রকৃতিশ্চ তন্তবঃ মহৎ অব্যাকৃতং নিষ্পন্নমুপবীতম্ ॥ ২২ ॥

হৃদি প্রাণশ্চেতি মন্ত্রস্থং হৃদীতি পদং ব্যাচষ্টে হৃদি চৈতন্যে তিষ্ঠতীতি ॥ ২৩ ॥

স্থূলোপবীতস্য বাচকং পরিধানমন্ত্রমাহ যজ্ঞেতি। যৎ হৃদি চৈতন্যে তিষ্ঠতি যজ্ঞোপবীতং তৎ প্রতিমুঞ্চেতি যোজ্যম্। যস্মাদেবং হৃদি চৈতন্যে তিষ্ঠতি যজ্ঞোপবীতং তস্মাৎ হৃদয়স্যোপরি বহির্ব্বিধাবমাণং ত্রৈবর্ণিকৈরিদং যজ্ঞোপবীতং যজ্ঞোপবীতস্থানত্বাৎ ত্রিবৃৎ কায়মাদিসূত্রবত্বং বীর্য্য-

---

এইরূপ জ্ঞান হইয়া থাকে। ইন্দ্রিয়গণের অধিষ্ঠাতা ব্রহ্মাদি দেবগণ বাগাদি দেবগণ ইহারা সকলেই হৃদয়ে প্রতিষ্ঠিত আছেন, এইরূপ বোধ হয় এবং সর্ব্ববিষয়ই তাহার হৃদয়ে প্রকাশ পায়, আর সর্ব্বভূতের মূলকারণ ব্রহ্মকেও হৃদয়ে প্রত্যক্ষ করিতে পারে। সত্ব, রজ ও তম এই গুণত্রয়ের পরস্পর সাঙ্কর্য্যবশতঃ অব্যক্ত, সর্ব্বকর্ম্মের অঙ্গস্বরূপ, নবতন্তুকসূত্র, অর্থাৎ উপবীত ও ব্রহ্মস্বরূপ। উহার তন্তু সকল প্রকৃতি এবং ঐ যজ্ঞোপবীতই মহৎ ॥ ২২ ॥

পূর্ব্বোক্ত "হৃদি প্রাণ" এই মন্ত্রস্থ "হৃদি" এই পদের অর্থে জানা যায়, যে, চৈতন্যস্বরূপে প্রাণ বিদ্যমান আছে ॥ ২৩ ॥

স্থূল যজ্ঞোপবীতের পরিধান মন্ত্র কহিতেছেন।—হৃদি চৈতন্যে যে যজ্ঞোপবীত বিদ্যমান আছে, তাহাই পরিধান কর। যেহেতু হৃদি চৈতন্যে যজ্ঞোপবীত বর্ত্তমান আছে; অতএবই হৃদয়ের উপরি বাহ্য উপবীত ধারণ

সশিখং বপনং কৃত্বা বহিঃসূত্রং ত্যজেদ্‌বুধঃ। যদক্ষরং পরং ব্রহ্ম তৎসূত্রমিতিধারয়েৎ। সূচনাৎ সূত্রমিত্যাহুঃ সূত্রং নাম পরং পদম্‌। তৎসূত্রং বিদিতং যেন স বিপ্রো বেদপারগঃ। তেন সর্ব্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব।

বস্তু, কর্ম্মকারণম্‌ অস্তু ভূয়াৎ তেজঃ ব্রহ্মবর্চ্চসাদি উভয়ং ভূয়াদিতি পুরোধে। যজ্ঞস্য বিষ্ণোঃ পরমাত্মানং উপ সামীপ্যেন বীতং বিবিধভাগং তং জীব-স্বরূপং পরম্‌ উৎকৃষ্টং পবিত্রং সর্ব্বপবিত্রভূতং প্রজাপতেঃ প্রজায়াঃ পালয়িতুঃ যৎ সিদ্ধং সর্ব্বব্যবহারকারণং সহজং স্বভাবভূতম্‌ অথবা দেহেন্দ্রিয়া-দিভিঃ সহোৎপন্নং পুরস্তাৎ পূর্ব্বম্‌ আয়ুষ্যং আয়ুষ্করম্‌ অগ্র্যং শ্রেষ্ঠং প্রতিমুঞ্চ সর্ব্বতোঽবিদ্যাবিমোক্ষণং কুরু শুভ্রম্‌ উজ্জ্বলং কৃত্বা দিবিমুক্তমিত্যর্থঃ প্রতি-মুঞ্চ পরিধেহি শিষ্যবলপ্রদং তেজঃ তেজঃপ্রদঞ্চ অস্তু তব ইতি মন্ত্রার্থঃ। অয়ং মন্ত্রোঽপি হৃদি চৈতন্যে তিষ্ঠতীত্যন্বয়ঃ ॥ ২৪ ॥

কর্ম্মাঙ্গভূততদুপবীতত্যাগেন সন্ন্যাসযোগমাহ সশিখমিতি। বহিঃ-সূত্রং বাহ্যোপবীতং বুধঃ বিপ্রঃ তস্যৈবাধিকারাৎ। সূচনাদিতি সূচ্যতে

করিবে। ব্রাহ্মণ, শূদ্র ও বৈশ্য এই বর্ণত্রয়ই এইরূপ যজ্ঞোপবীতধারণ করিবে। এই যজ্ঞোপবীতের প্রভাবে বল ও তেজ হউক। যজ্ঞ, অর্থাৎ বিষ্ণুর সমীপে বর্ত্তমান থাকে এবং জীবস্বরূপ পরম উৎকৃষ্ট, এই যজ্ঞোপবীত সক-লের পবিত্রভূত। আর ইহা প্রজাপতির সহজ ধর্ম্ম স্বরূপ। অথবা ইহা দেহেন্দ্রিয়াদির সহিত সমুৎপন্ন এবং ইহা আয়ুষ্কর। এই শ্রেষ্ঠ উপবীত ধারণদ্বারা সর্ব্ব অবিদ্যার বিমোক্ষণ হয়। এই যজ্ঞোপবীত শুদ্ধ এবং তেজঃপ্রদ হউক ॥ ২৪ ॥

এইক্ষণ সন্ন্যাসধর্ম্ম কহিতেছেন।—ব্রহ্মবিজ্ঞান হইলে কর্ম্ম সমুদায় পরিত্যক্ত হয়; সুতরাং কর্ম্মাঙ্গভূত যজ্ঞোপবীতও পরিত্যাগ করিতে হয়। প্রথমে সমস্ত কেশ বপন করিয়া ব্রাহ্মণ বাহ্য সূত্র পরিত্যাগ করিবে এবং অক্ষর-পরব্রহ্মস্বরূপ সূত্র ধারণ করিবে। যজ্ঞোপবীত ব্রহ্ম সূচনা করে, এই নিমিত্তই ইহাকে সূত্র বলা যায়, আর সেই পরম পদের

তৎ সূত্রং ধারয়েদ্‌যোগী যোগবিত্তত্ত্বদর্শিবান্। বহিঃসূত্রং ত্যজেদ্বিদ্বান্ যোগমুত্তমমাস্থিতঃ। ব্রহ্মভাবময়ং সূত্রং ধারয়েদ্‌যঃ স চেতনঃ। ধারণাত্তস্য সূত্রস্য নোচ্ছিষ্টো নাশুচির্ভবেৎ। সূত্রমন্তর্গতং যেষাং জ্ঞানযজ্ঞোপবীতিনাম্। তে বৈ সূত্রবিদো লোকে তে চ যজ্ঞোপবীতিনঃ। জ্ঞানশিখিনো জ্ঞাননিষ্ঠা জ্ঞানযজ্ঞোপবীতিনঃ। জ্ঞানমেব পরং তেষাং পবিত্রং জ্ঞানমুত্তমম্। অগ্নেরিব শিখা নান্যা যস্য জ্ঞানময়ী শিখা। স শিখীত্যুচ্যতে বিদ্বানিতরে কেশধারিণঃ॥ ২৫॥

বেদান্তৈর্নিরূপ্যতে তৎ সূত্রম্ নোচ্ছিষ্ট ইতি এতন্মূলনাম দোষেণ মস্করীতি স্মৃতিঃ। ২৫॥

নাম প্রকৃত সূত্র। যিনি সেই পরম সূত্র জানিয়াছেন, তিনিই বেদ পারগ ব্রাহ্মণ। যেমন সাধারণ সূত্রে মণি সকল গ্রথিত থাকে, সেইরূপ সেই ব্রহ্মসূত্রে অনন্ত ব্রহ্মাণ্ড গ্রথিত আছে। যে যোগী সেই ব্রহ্মসূত্র ধারণ করিয়াছেন, তিনি সর্ব্বযোগীর প্রধান এবং তিনিই প্রকৃত তত্ত্বদর্শী। বিদ্বান ব্যক্তি যোগতত্ত্ব আশ্রয় করিয়া বাহ্যসূত্র পরিত্যাগ করিবে। সচেতন সাধক ব্যক্তি ব্রহ্ম ভাবময় সূত্র ধারণ করিবেন। এই সূত্র ধারণ করিলে উচ্ছিষ্ঠ ও অশুচিতার নিবৃত্তি হয়। যে জ্ঞান-যজ্ঞোপবীতীরা অন্তর্গত ব্রহ্ম সূত্র ধারণ করেন, তাঁহারাই ইহলোকে সূত্রের মাহাত্ম্য জানেন এবং তাহাদিগকে প্রকৃত পযজ্ঞোপবীতধারী বলা যায়। যাহারা জ্ঞানশিখী, জ্ঞান নিষ্ঠ এবং জ্ঞান-যজ্ঞোপবীতধারী তাহাদিগের পবিত্র পরমজ্ঞান লাভ হয়, যাহারা জ্ঞানময় শিখা ধারণ করিয়াছেন, তাঁহাদিগের নিকট অগ্নিশিখা পরাভব পায়। উক্ত জ্ঞানরূপশিখাযুক্তেরাই প্রকৃত শিখী, তদ্ভিন্ন ব্যক্তিরা কেশধারী মাত্র॥ ২৫॥

কর্ম্মণ্যধিকৃতা যে তু বৈদিকে ব্রাহ্মণাদয়ঃ।
তৈঃ সন্ধার্য্যমিদং সূত্রং ক্রিয়াঙ্গং তদ্ধি বৈ স্মৃতম্॥ ২৬॥
শিখা জ্ঞানময়ী যস্য উপবীতঞ্চ তন্ময়ম্।
ব্রাহ্মণ্যং সকলং তস্য ইতি ব্রহ্মবিদো বিদুঃ॥ ২৭॥
ইদং যজ্ঞোপবীতন্তু পরমং যৎপরায়ণম্।
স বিদ্বান্ যজ্ঞোপবীতি স্যাৎ স যজ্ঞঃ স চ যজ্ঞবিৎ॥২৮॥

ধ্যানাভ্যাসং বিধাতুং বীতরাগাণাং কর্ম্মণ্যনধিকারাৎ সরাগাণামেব তদিত্যাহ কর্ম্মণীতি। যে ব্রাহ্মণাদয়ঃ ত্রয়ঃ কর্ম্মণ্যধিকৃতাঃ তে সরাগাঃ তৈরেব বহিঃসূত্রং সম্যক্ ধার্য্যং ন নিবৃত্তৈঃ। হি যস্মাৎ তৎ কর্ম্মাঙ্গং স্মৃতম্ অঙ্গিনিবৃত্তৌ অঙ্গস্যাপ্রয়োজনত্বাৎ। ২৬॥

নিবৃত্তস্য শিখাসূত্রাদিত্যাগে প্রত্যবায়াভাবং বক্তুং তয়োরূপকমাহ শিখেতি। ব্রহ্মবিদঃ বেদবিদঃ॥ ২৭॥

বাহ্যোপবীতিভ্যো জ্ঞানোপবীতিনো বিশেষমাহ ইদমিতি। ইদং

যাঁহারা সংসারানুরাগ পরিত্যাগ করিয়াছেন, তাঁহাদিগেরই ধ্যানাভ্যাস বিধান উক্ত হইয়াছে, কারণ সংসারবিরাগীদিগের কর্ম্মে অধিকার নাই। এই নিমিত্ত যে সকল ব্রাহ্মণাদি বর্ণত্রয় বৈদিক ক্রিয়াতে অধিকারী তাহারা অবশ্য বাহ্য যজ্ঞসূত্র ধারণ করিবে। যেহেতু যজ্ঞসূত্রই বৈদিক ক্রিয়ার অঙ্গ, যজ্ঞোপবীত ধারণ না করিলে বৈদিক ক্রিয়া করিতে পারে না। অঙ্গ বৈগুণ্য হইলে সেই ক্রিয়া অসিদ্ধ হইয়া থাকে। আর যাহাদিগের ক্রিয়াধিকার নাই, তাহাদিগের বাহ্য যজ্ঞোপবীত ধারণ নিষ্প্রয়োজন॥ ২৬॥

যাহারা সংসারনিবৃত্ত তাহারা শিখা ও যজ্ঞসূত্র পরিত্যাগ করিলেও প্রত্যবায় নাই। ব্রহ্মবিদ পণ্ডিতগণ বলিয়া থাকেন, যাহাদিগের জ্ঞানময়ী শিখা ও জ্ঞানময়উপবীত আছে, তাহারাই সর্ব্ব ব্রাহ্মণ্যের আশ্রয়। অতএব জানা যায় যে সংসারবিরাগী, নিবৃত্তকর্ম্মা জ্ঞানিদিগের শিখাধারণ ও উপবীত গ্রহণের প্রয়োজন নাই। ২৭॥

বাহ্যোপবীতধারী অপেক্ষা জ্ঞানোপবীতধারীর বিশেষ বলিতেছেন।— জ্ঞানযজ্ঞোপবীত বাহ্য উপবীত অপেক্ষা পবিত্র। ইহাই যজ্ঞ, বিষ্ণু এবং

একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্ত রাত্মা। কর্ম্মাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চ ॥ ২৯ ॥

একো মনীষী নিষ্ক্রিয়াণাং বহূনামেকং সততং বহুধা

জ্ঞানাখ্যং যজ্ঞোপবীতং যজ্ঞঃ বিষ্ণুঃ আত্মা তস্য উপবীতং বেষ্টকং তদাকারমিতি যাবং তৎ পবিত্রং বাহ্যাপেক্ষয়া তচ্চ যৎ পরায়ণং যস্য পরময়নং সঃ বিদ্বান্ স যজ্ঞঃ স বিষ্ণুঃ ॥ ২৮ ॥

যল্লাভেন বিবিধবন্ধো নিবৃত্তঃ যৎপ্রসাদাদ্দিব্যং চক্ষুরাপ্তম্ মৃত্যুমুখ্যাচ্চ নিষ্ক্রান্তিঃ তং শ্রেষ্ঠতমং মন্ত্রাভ্যাং স্তৌতি এক ইতি। একস্য সতো নানাভূতেষু স্থিতিরলৌকিকো ধর্ম্মঃ। ন চ সত্ত্বাদেরনভ্যুপগমাৎ। সর্ব্বব্যাপী একস্য সতঃ সর্ব্বব্যাপ্তিরিত্যদ্ভুতম্ সর্ব্বভূতান্তরাত্মা একস্য সতঃ সর্ব্বভূতান্তরত্বে দৃষ্টান্তো নাস্তি কর্ম্মাধ্যক্ষঃ তৎফলদাতা সর্ব্বভূতাধিবাসঃ সর্ব্বাবস্থাস্বাশ্রয়ত্বাব্যভিচারাৎ সাক্ষী সাক্ষাদীক্ষতে নত্বিন্দ্রিয়াদিব্যবধানেন চেতা ইতি চিতেরণিচ্চেতয়িতেত্যর্থঃ। অথবা পৃথিব্যাদিসঞ্চয়নকর্ত্তা কেবলঃ সজাতীয়ভেদশূন্যঃ নির্গুণঃ অদ্বিতীয়ত্বাৎ ॥ ২৯ ॥

একো মনীষী অসাধারণঃ পণ্ডিতঃ অনেন জ্ঞানশক্তিরুক্তা। নিষ্ক্রি-

আত্মাস্বরূপ। এই উপবীতই যাহার প্রধান আশ্রয়, তাঁহাকে প্রকৃত উপবীতি বলা যায় এবং তিনিই বিদ্বান ও যজ্ঞবিৎ ॥ ২৮ ॥

যাঁহাকে লাভ করিলে সর্ব্বপ্রকার ভববন্ধন নিবৃত্ত হয়, যাহার প্রসাদে দিব্যচক্ষু প্রাপ্ত হওয়া যায় এবং মৃত্যুমুখ হইতে নিষ্ক্রান্তি হইয়া থাকে, বক্ষ্যমাণ মন্ত্রদ্বয়দ্বারা সেই সর্ব্বভূতান্তরাত্মাকে স্তব করিতেছেন।—এক দেবই সর্ব্বভূতে গূঢ়ভাবে বিদ্যমান আছেন, তিনি সর্ব্বব্যাপী এবং সর্ব্বভূতেয় অন্তরাত্মা। তিনি সর্ব্বকর্ম্মের অধ্যক্ষ, সর্ব্বাবস্থাতেই তিনি সর্ব্বভূতে বাস করেন। তিনি সর্ব্বসাক্ষী, অর্থাৎ সর্ব্বদা সকল দর্শন করিতেছেন, তিনি সকলকে চেতনা দিয়া থাকেন, অথবা পৃথিব্যাদি চয়ন করেন। তিনি নির্গুণ ও অদ্বিতীয়; সুতরাং তাঁহার সর্ব্বপ্রাধান্য প্রতীয়মান হয় ॥ ২৯ ॥

এক পরমাত্মাই মনীষাশালী, অর্থাৎ অসাধারণ পণ্ডিত। তাঁহার ন্যায়

যঃ করোতি। তমাত্মস্থং যেঽনু পশ্যন্তি ধীরাস্তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাম্ ॥ ৩০ ॥

আত্মানমরণিং কৃত্বা প্রণবঞ্চোত্তরারণিম্। ধ্যাননির্ম্মথনাভ্যাসাদ্দেবং পশ্যেন্নিগূঢ়বৎ ॥ ৩১ ॥

তিলেষু তৈলং দধনীব সর্পিরাপঃ স্রোতঃস্বরণীষু

য়াণাং বহূনাং মধ্যে একঃ ক্রিয়াবান্ নির্দ্ধারণস্য স্বজাতীয়াপেক্ষত্বাৎ। অনেন ক্রিয়াশক্তিরুক্তা। একম্ আত্মানং সততং যো বহুধা করোতি মায়িত্বাৎ আত্মস্থং বুদ্ধিস্থং ধীরাঃ ধীমন্তঃ শাশ্বতী শান্তিঃ মোক্ষঃ ন ইতরেষাম্ উক্তসাধনরহিতানাম্ ॥ ৩০ ॥

আত্মানং বুদ্ধিং নিগূঢ়বৎ জলুকানিক্ষিপ্তেন তুল্যং স্থিতং দেবং পশ্যেৎ সাক্ষাৎ কুর্য্যাৎ ॥ ৩১ ॥

আত্মা ঈশঃ আত্মনি বুদ্ধৌ সত্যেন বাঙ্‌নিয়মেন তপসা শরীরনিয়মেন ॥ ৩২ ॥

জ্ঞানশক্তি আর কাহারও নাই। বহু বহু নিষ্ক্রিয়দিগের মধ্যে তিনি ক্রিয়াবান, অর্থাৎ সর্ব্বাপেক্ষা ক্রিয়াশক্তিসম্পন্ন। তিনি সর্ব্বদা এক আত্মাকে বহুরূপ করিতেছেন। যে সকল ধীর ব্যক্তিরা উক্তরূপ পরব্রহ্মকে আত্মস্থ রূপে দর্শন করেন, তাঁহারা সর্ব্বদা শান্তিলাভ করেন, অর্থাৎ মোক্ষ পাইয়া থাকেন, তদ্ভিন্ন কাহারও মোক্ষলাভ হয় না ॥ ৩০ ॥

বুদ্ধিকে অরণি এবং প্রণবকে উত্তরারণি করিয়া ধ্যানরূপ নির্ম্মথন অভ্যাস করিবে, তাহাহইলেই নিগূঢ়ভাবে আত্মদর্শন করিতে পারে, অর্থাৎ যজ্ঞাদিস্থলে অগ্ন্যুৎপাদনের নিমিত্ত কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণ করিতে হয়। ইহাদিগের অধোবর্ত্তী কাষ্ঠকে অরণি এবং উপরিস্থিত কাষ্ঠকে উত্তরারণি কহে। যেমন অরণি ও উত্তরারণি মথন করিলে অগ্নির উৎপত্তি হয়, সেইরূপ বুদ্ধিদ্বারা প্রণবের ধ্যানাভ্যাস করিলেই আত্মদর্শন হইয়া থাকে ॥ ৩১ ॥

যেমন তিল মধ্যে তৈল, দধিতে ঘৃত, স্রোতঃ সমূহে জল এবং অরণী

চাগ্নিঃ। এবমাত্মাত্মনি গৃহ্যতেঽসৌ সত্যেনৈনং তপসা যেঽনুপশ্যন্তি ধীরাঃ ॥ ৩২ ॥

ঊর্ণনাভির্যথা তন্তূন্ সৃজতে সংহরত্যপি।
জাগ্রৎস্বপ্নে তথা জীবো গচ্ছত্যাগচ্ছতে পুনঃ ॥ ৩৩ ॥
পদ্মকোষপ্রতীকাশং শুষিরঞ্চাপ্যধোমুখম্।
হৃদয়ং তদ্বিজানীয়াদ্বিশ্বস্যায়তনং মহৎ ॥ ৩৪ ॥

জাগ্রৎ জীবঃ যথা স্বপ্নদশাং গচ্ছতি তথা পুনঃ স্বপ্নাদাগচ্ছতি জাগ্রদ্দশাং গচ্ছতি ॥ ৩৩ ।

হৃদয়ে ধ্যেয়ত্বাৎ হৃদয়লক্ষণমাহ পদ্মেতি। মুখে শুষিঃ বিলম্ অস্যাস্তি তৎ অধোমুখং কদলীকোষবৎ হৃদয়ং মাংসময়ং পদ্মং তজ্জ্ঞেয়ং তদেব বিশ্বস্যায়তনং সর্ব্বস্য স্থানম্। নন্বু কথং সূক্ষ্মে বিশ্বং ভাতীত্যত আহ মহদিতি। নন্বু বিরোধঃ অতএব কেচিৎ শূন্যং তত্ত্বং প্রতিপন্নাঃ অপরে জ্ঞানস্যৈবান্তরত্বাৎ সাকারং জ্ঞানম্ অনির্ব্বচনীয়ং বিশ্বমিত্যাচার্য্যঃ বট-বীজন্যায়মপরে বস্তুতত্ত্বস্ত্বেকো দেব এবং জ্ঞাতুমর্হতীতি অনুভবস্তু হৃদ্যেব

(অগ্ন্যুৎপাদক কাষ্ঠতে) অগ্নি বিদ্যমান আছে, সেইরূপ বুদ্ধিতে পরমা-ত্মার অবস্থান জানিবে। পণ্ডিতগণ শারীর নিয়ম ও বাক্যনিয়মরূপ তপস্যাদ্বারা এই পরমাত্মাকে দর্শন করিয়া থাকেন ॥ ৩২ ।

যেমন ঊর্ণনাভি (মাকড়্সা) তন্তু সকল সৃজন ও গ্রহণ করিয়া থাকে, সেইরূপ জীব জাগ্রত এবং স্বপ্নাবস্থায় যাতায়াত করে। জীব একবার জাগ্রদবস্থা পায় এবং পুনর্ব্বার স্বপ্নদশা পাইয়া থাকে। ৩৩ ।

হৃদয়ে পরমাত্মাকে ধ্যান করিবে, এই নিমিত্ত হৃদয়লক্ষণ কথিত হই-তেছে। পদ্মকোষের ন্যায় মুখে ছিদ্রবিশিষ্ট যে মাংসময় পদ্ম আছে, তাহা-কেই হৃদয় বলিয়া জানিবে। ঐ হৃদয় এইরূপ মহৎ যে উহা বিশ্বের আশ্রয়ভূত। হৃদয় বিষয়ে নানাপ্রকার মত আছে, বাস্তবিক এক দেবই তাহা নির্ণয় করিতে পারেন। সকলেরই হৃদয় আছে, ইহাই আমাদি-গের অনুভব। যেমন চক্ষুরাদিদ্বারা বাহ্য পদার্থের জ্ঞান হয়, সেইরূ অন্তঃ

নেত্রস্থং জাগ্রতং বিদ্যাৎ কণ্ঠে স্বপ্নং বিনির্দ্দিশেৎ।
সুষুপ্তং হৃদয়স্থস্তু তুরীয়ং মূর্দ্ধ্নি সংস্থিতম্ ॥ ৩৫ ॥
যদাত্মা প্রজ্ঞয়াত্মানং সন্ধত্তে পরমাত্মনি।
তেন সন্ধ্যা ধ্যানমেব তস্মাৎ সন্ধ্যাভিবন্দনম্ ॥
নিরোদকা ধ্যানসন্ধ্যা বাক্কায়ক্লেশবর্জ্জিতা।
সন্ধিনী সর্ব্বভূতানাং সা সন্ধ্যা হ্যেকদণ্ডিনাম্ ॥ ৩৬ ॥

বস্তুমাত্রস্যাস্তি বহিঃস্থমপ্যন্তরেব ভাতি অন্তঃ শূন্যানাং ন কিঞ্চিদ্ভাতি। অতোঽনুভবাদগৃহীতয়া শ্রুত্যা হৃদয়স্য মহত্বং সিদ্ধম্ ॥ ৩৪ ॥

অবস্থাবিশেষে পুংসঃ স্থানভেদমাহ নেত্রস্থমিতি। হৃদয়স্থমিতি পুরীততিস্থিতং তুরীয়মিতি। যদুক্তম্—"মনসা সহ বাগীশা ভিত্ত্বা ব্রহ্মার্গলং ক্ষণাৎ। পরামৃতমহাম্ভোধৌ বিশ্রান্তিং তত্র কারয়েৎ।" ইতি ॥ ৩৫ ॥

তদ্ধ্যানমেব সন্ধ্যেত্যাহ যদেতি। নিরোদকা নির্গতমাসমন্তাদুদকং যস্যাঃ সা তথা সন্ধিনী একত্ববোধিকা ॥ ৩৬ ॥

করণেও এই বাহ্যপদার্থ সকল প্রকাশ পায়। অন্তঃকরণশূন্যের কোন জ্ঞানই হয় না। অতএব অনুভবদ্বারাই হৃদয়ের মহত্ত্ব জানা যায় ॥ ৩৪ ॥

অবস্থাবিশেষে পুরুষের স্থানভেদ কথিত হইতেছে।—আত্মা নেত্রস্থ হইলেই তাহাকে জাগ্রদবস্থ, কণ্ঠস্থ হইলে তাহাকে স্বপ্নাবস্থ এবং হৃদয়স্থ হইলে তাহাকে সুষুপ্তাবস্থ বলিয়া নির্দ্দেশ করিবে। পরন্তু যখন আত্মা মস্তকস্থিত হয়, তখন সেই অবস্থাকে তৃতীয়াবস্থা, অর্থাৎপুরীততি (নাড়ী-বিশেষ) স্থিত, বলিয়াথাকে। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, বাগীশ্বরী মনের সহিত ক্ষণকালমধ্যে ব্রহ্মদ্বার ভেদ করিয়া পরামৃতপূর্ণ মহাম্ভোধিমধ্যে অমৃতপান করাইয়া থাকেন ॥ ৩৫ ॥

পরমাত্মার ধ্যানই সন্ধ্যা, অর্থাৎ প্রজ্ঞাদ্বারা পরমাত্মাতে আত্মসন্ধান হয়, অতএব আত্মধ্যানকেই সন্ধ্যা বলা যায়। সকলেরই এইরূপ সন্ধ্যাভি-বন্দন কর্ত্তব্য। এই সন্ধ্যাতে জলের প্রয়োজন নাই এবং ইহাতে বাক্য

যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ।
আনন্দমেতজ্জীবস্য যং জ্ঞাত্বা মুচ্যতে বুধঃ।
সর্ব্বব্যাপিনমাত্মানং ক্ষীরে সর্পিরিবার্পিতম্॥ ৩৭॥
আত্মবিদ্যাতপোমূলং তদ্ব্রহ্মোপনিষৎ পরম্।
সর্ব্বাত্মৈকত্বসারেণ তদ্ব্রহ্মোপনিষৎ পরম্।
তদ্ব্রহ্মোপনিষৎ পরম্॥ ৩৮॥

ইত্যথর্ব্ববেদে ব্রহ্মোপনিষৎ সমাপ্তা।

আনন্দম্ আনন্দঃ এতৎ এষঃ যম্ আনন্দং জ্ঞাত্বা মুচ্যতে। যমিত্যস্য বিশেষণদ্বয়ং সর্ব্বেতি॥ ৩৭॥

ইদানীমেতদ্গ্রন্থস্য নাম নির্ব্বক্তি আত্মেতি। ব্রহ্ম আত্মা যস্য উপনিষৎ বিদ্যা সৈব তপঃ যস্য জ্ঞানময়ং তপঃ ইতি শ্রুতেঃ তস্য মূলং পরং কারণম্ অয়ং গ্রন্থঃ ইত্যুপচারাৎ গ্রন্থোঽপি ব্রহ্মোপনিষদিত্যর্থঃ। তদ্দস্মান্নিরুক্ত্যন্তরমাহ সর্ব্বেতি। সর্ব্বং ব্রহ্মেত্যুপনিষদ্রহস্যজ্ঞানং যস্যাঃ সা ব্রহ্মোপনিষদিত্যর্থঃ। দ্বিরুক্তিঃ সমাপ্ত্যর্থা ইতি শব্দশ্চ তদ্দ্যোতকঃ॥ ৩৮॥

নারায়ণেন রচিতা শ্রুতিমাত্রোপজীবিনা।
অস্পষ্টপদবাক্যানাং ব্রহ্মোপনিষদ্দীপিকা॥
ইতি ব্রহ্মোপনিষদো দীপিকা সমাপ্তা।

প্রয়োগ বা কায়ক্লেশ করিতে হয় না। এই সন্ধ্যা সর্ব্বজন্তুর একত্ব বোধ জন্মায়। এইরূপ সন্ধ্যাই একদণ্ডিদিগের অভিপ্রেত॥ ৩৬॥

যাঁহাকে পাইয়া মন ও বাক্যনিবৃত্ত হয়, তিনিই জীবের আনন্দস্বরূপ, ইহাকে জানিতে পারিলেই পণ্ডিতগণ মুক্তিলাভ করিতে পারে। যেমন দুগ্ধ মধ্যে ঘৃত অবস্থিত আছে, সেইরূপ পরমাত্মাকে সর্ব্বব্যাপী জানিবে॥৩৭॥

ব্রহ্মই এই উপনিষদের আত্মাস্বরূপ, এই নিমিত্ত ইহার ব্রহ্মোপনিষৎ নাম হইয়াছে। এই বিদ্যাপ্রভাবে আত্মতত্ত্বপরিজ্ঞান হয়, আর এই ব্রহ্মোপনিষৎ গ্রন্থপাঠে সকলই এক আত্মাস্বরূপ, এইরূপ বোধ হইয়া থাকে॥৩৮॥

ইতি ব্রহ্মোপনিষৎ সমাপ্ত।

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-

প্রাণাগ্নিহোত্রোপনিষৎ।

(শ্রুতি, দীপিকা ও বঙ্গানুবাদ-সমেত।)

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী-সভা হইতে

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সান্দ্রানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে

চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"

"পঞ্চদশী" এবং ষড়্দর্শনাদিশাস্ত্র-প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক

সঙ্কলিত ও প্রকাশিত।

(সভার কার্য্যালয়; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।)

কলিকাতা।

বাগবাজার, রাজা রাজবল্লভ ষ্ট্রীট্ ৮৪ নং, নব-সারস্বত যন্ত্রে

শ্রীনবকুমার বসু দ্বারা মুদ্রিত।

শকাব্দাঃ ১৮০৯, চৈত্র।

॥ ওঁ ॥ তৎসৎ ॥ ওঁ ॥

কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-

প্রাণাগ্নিহোত্রোপনিষৎ।

প্রথমঃ খণ্ডঃ।

॥ ওঁ ॥ পরমাত্মনে নমঃ ॥ ওঁ ॥

ওম্ অথাতঃ সর্ব্বোপনিষৎসারং সংসারজ্ঞানমধীত-মন্ত্রসূত্রং শারীরযজ্ঞং ব্যাখ্যাস্যামঃ ॥ ১ ॥

প্রাণাগ্নিহোত্রোপনিষৎ চতুঃখণ্ডবিরাজিতা।
একাদশী শৌনকীয়ে সারভূতা হি সর্ব্বতঃ ॥

নম্নু বিরক্তস্যাপি দেহস্থিতয়ে অন্নাদনমাবশ্যকং তচ্চ মুক্তাবনমুপ্রযুক্ত-ত্বাদনর্থকং স্যাদিত্যাশঙ্ক্য উপাসনয়া সার্থকত্বায় অগ্নিহোত্রোপনিষদার-ভ্যতে অথাত ইতি। সংসারজ্ঞানং সংসারো হেয়ত্বয়া জ্ঞায়তেঽনেনেতি

সংসার বিরক্ত ব্যক্তির দেহস্থিতির নিমিত্ত অন্ন ভোজন আবশ্যক, কিন্তু উহা মুক্তির পক্ষে উপযোগী নহে, এই আশঙ্কা করিয়া উপাসনাতে অন্ন ভোজনের সার্থকতা প্রতিপাদনার্থ অগ্নিহোত্রোপনিষদের আরম্ভ হই-য়াছে। সংসারকে হেয়রূপে জ্ঞান করাই সর্ব্বপ্রকার উপনিষদের সার,

অস্মিন্নেব পুরুষশরীরে বিনাপ্যগ্নিহোত্রেণ বিনাপি সাংখ্যযোগেন সংসারবিমুক্তির্ভবতীতি স্বেন বিধিনা অন্নং ভূমৌ নিক্ষিপ্য যাওষধয়ঃ সোমরাজ্ঞীরিতি তিসৃভিঃ অন্নপত ইতি দ্বাভ্যামনুমন্ত্রয়তে ॥ ২ ॥

যা ওষধয়ঃ সোমরাজ্ঞীর্ব্বহ্বীঃ শতবিলক্ষণাঃ। বৃহস্পতিপ্রসূতাস্তা নো মুঞ্চন্ত্বংহসঃ ॥ ৩ ॥

অধীতং বেদেষু অন্নমেব সূত্রং সাধনং যস্মিন্ শারীরযজ্ঞং শরীরে ভবং যজ্ঞম্ ॥ ১ ॥

প্ররোচনার্থমাদৌ ফলমাহ অস্মিন্নিতি। স্বেন স্বগৃহ্যোক্তেন অন্নং ভূমাবিতি নত্বন্তরিক্ষে যদাদাবন্নপাত্রমারোপ্যমিত্যর্থঃ। যদ্বা ব্যাহৃতিভির্ব্বলিত্রয়ং ভূমৌ দত্ত্বেত্যর্থঃ ॥ ২ ॥

সোমরাজ্ঞীরিতি। সোমো রাজা যাসাং তাঃ সোমরাজ্য ইত্যর্থঃ। তাঃ নঃ অস্মান্ অংহসঃ পাপাৎ মুঞ্চন্ত ইত্যন্বয়ঃ। শতম্ অনেকজাতীয়াঃ

উহা বেদে অধীত হইয়াছে। এইক্ষণ অন্নসাধন-শারীর-যজ্ঞ ব্যাখ্যা করিব, অর্থাৎ কিরূপে অন্নদ্বারা শরীররক্ষা হয়, তাহাই কথিত হইতেছে ॥ ১ ॥

শারীর যজ্ঞে লোকের রুচির নিমিত্ত অগ্রে তাহার ফল কথিত হইতেছে।—এই পুরুষশরীরে শারীর-যজ্ঞদ্বারা সংসার বিমুক্তি হইতে পারে, ইহাতে অগ্নিহোত্র, অথবা সাংখ্যযোগের অপেক্ষা নাই। স্বগৃহ্যোক্তবিধানে ভূমিতে অন্নপাত্র নিক্ষেপ করিয়া ব্যাহৃতিত্রয়দ্বারা ভূমিতে বলিত্রয় প্রদান পূর্ব্বক "যাওষধয়ঃ সোমরাজ্ঞী" ইত্যাদি বক্ষ্যমাণ মন্ত্রত্রয় এবং অন্নপতে ইত্যাদি মন্ত্রদ্বয় দ্বারা অভিমন্ত্রিত করিবে ॥ ২ ॥

ওষধী সকল আমাদিগকে পাপ হইতে পরিত্রাণ করুক্। সকল ওষধীরই রাজা সোম, অর্থাৎ চন্দ্রের অমৃতবর্ষণেই ওষধী সকলের উৎপত্তি হয় বলিয়া ওষধি সকলকে সোমরাজ্ঞী বলা যায়। এই সকল ওষধী

যাঃ ফলিনীর্য্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ।' বৃহস্পতিপ্রসতাস্তা নো মুঞ্চন্ত্বংহসঃ ॥ ৪ ॥

জীবলাং নঘারিষাং মা তে বধ্নাম্যোষধে। যাতয়াপুরুপহরাদপ রক্ষাংসি চাতয়াৎ ॥ ৫ ॥

বিলক্ষণাঃ রোগাদ্যপনয়নাঃ। তয়োঃ কম্মধারয়ঃ বৃহস্পতিনা প্রহৃতাঃ দর্শিতবীর্য্যাঃ। ৩-৪।

জীবলাং জীবং লাতি আদত্তে সা বিষৌষধিরিত্যর্থঃ তাং নঘারিষা' হর্ষা জননীম্ উদ্বেগকারিণীং যথা লাঙ্গলী গৃহোপরি নিক্ষিপ্তা কলহং করোতি কুটম্বিনাং তাদৃশী' ; হে ওষধে! হে বনভবে! তে তব ত্বৎস্বামিকা' তাং মা বধ্নামি ন স্বীয়াং করোমি। উপহরাৎ উপহরেৎ রক্ষা'সি চ অপ আতয়াৎ আয়াৎ আগতানি কুর্য্যাং তাং মা বধ্নামীত্যন্বয়ঃ ॥ ৫ ॥

অনেক জাতীয় এবং ইহারা রোগাদি অপনয়ন করিয়া থাকে। বৃহস্পতি ইহাদিগের বীর্য্য প্রদর্শন করিয়াছেন। ৩ ॥

যে সকল ওষধী ফলশালিনী, যাহারা ফলবিহীনা, যাহারা পুষ্পবতী ও যাহারা পুষ্পবিহীনা, বৃহস্পতি সেই সকল ওষধীর বীর্য্য প্রদর্শন করিয়াছেন। এইক্ষণ ঐ ওষধী সকল আমাদিগকে পাপ হইতে মুক্ত করুক্ ॥ ৪ ॥

হে বনভবে ওষধি! তোমার অধীনা বিষনাম্নী ওষধী জীবন গ্রহণ করে; সুতরা' তাহা উদ্বেগ প্রদান করিয়া থাকে। যেমন লাঙ্গলী গ্রহোপরি নিক্ষিপ্তা হইলে সেই গৃহস্থিত পরিবারবর্গের মধ্যে পরস্পরের কলহ উৎপাদন করে, বিষৌষধীও সেইরূপ উদ্বেগকারিণী, অতএব সেই ওষধীকে আমি আত্মীয় জ্ঞান করি না, আর ঐ ওষধী জীবন অপহরণ করে এবং রাক্ষসদিগকে আনয়ন করিয়া থাকে; সুতরাং উক্তরূপা ওষধী আমি ইচ্ছা করি না ॥ ৫ ॥

অন্নপতেঽন্নস্য নো ধেহ্যনমীবস্য শুষ্মিণঃ। প্রপ্রদাতারং তারিষ ঊর্জ্জং নো ধেহি দ্বিপদে চতুষ্পদে ॥ ৬ ॥

ওঁ যদন্নমগ্নির্ব্বহুধা বিরাদ্ধি রুদ্রৈঃ প্রজগ্ধং যদি বা পিশাচৈঃ। সর্ব্বং তদীশানো অভয়ং কৃণোতু শিবমীশানায় স্বাহা ॥ ৭ ॥

অন্তশ্চরসি ভূতেষু গুহায়াং বিশ্বতোমুখঃ। ত্বং যজ্ঞস্ত্বং ব্রহ্মা ত্বং রুদ্রস্ত্বং বিষ্ণুস্ত্বং বষট্কারঃ ॥ ৮ ॥

অনমীবস্য ন অমীবং পাপং যস্য শুষ্মিণঃ তেজস্বিনঃ। শুষ্মং তেজোঽর্কয়োরুক্তম্ ইতি বিশ্বঃ। প্রপ্রদাতারং প্রসমুপোদঃ পাদপূরণে ইতি প্রশব্দস্য দ্বিভাবঃ। তারিষ তারয় ঊর্দ্ধলোকং নয় ঊর্জ্জম্ অন্নং বলং বা ন অস্মভ্যং ধেহি দেহি ডুধাঞ্ লি ধারণে পুষ্টৌ দানে ইতি বোপদেবঃ দ্বিপদে মনুষ্যায় ॥ ৬ ॥

বিরাদ্ধি সিদ্ধি বিরোধি বিরাদ্ধোবাহ কদ্রৈরিতি। রুদ্রপিশাচাদিভ্যো যজমানৈর্ম্মার্পিতমিত্যর্থঃ সর্ব্বং তৎ অন্নম্ ঈশানঃ পরমাত্মা অভয়ং ভয়াজনকং কৃণোতু করোতু তদর্থম্ ঈশানায় স্বাহা আহুতিং দদামীত্যর্থঃ ॥ ৭ ॥

জঠরাগ্নেঃ প্রার্থনা অন্তরিতি ॥ ৮ ॥

হে অন্নপতে! যিনি নিষ্পাপ ও তেজস্বী অন্ন আমাদিগকে প্রদান করেন, তুমি তাহাকে ঊর্দ্ধলোকে নয়নপূর্ব্বক পরিত্রাণ কর এবং দ্বিপদ, অর্থাৎ মনুষ্য ও চতুষ্পদ, অর্থাৎ পশুদিগের হিতার্থ আমাদিগকে অন্ন ও বল প্রদান কর, ইহাই প্রার্থনা ॥ ৬ ॥

সিদ্ধিবিরোধী রুদ্রপিশাচাদিরা যে অন্ন ভক্ষণ করিয়াছে, অর্থাৎ যজমান যে অন্ন রুদ্রপিশাচাদিকে অর্পণ করিয়াছে, সেই মঙ্গলপ্রদ অন্নকে ঈশান, অর্থাৎ পরমাত্মা অভয় করুন, এই নিমিত্ত ঈশানকে অন্নাহুতি দিতেছি ॥৭॥

এইক্ষণ জঠরাগ্নির প্রার্থনা কথিত হইতেছে।—হে অগ্নে! তুমি সর্ব্বভূতের অন্তরে বিচরণ করিতেছ। গুহামধ্যেও তোমার অবস্থান আছে,

আপো জ্যোতীরসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুর্বঃ স্বরোং নমঃ ॥ ৯ ॥

আপঃ পুনন্তু পৃথিবীং পৃথ্বী পূতা পুনাতু মাম্। পুনন্তু ব্রহ্মণস্পতির্ব্রহ্মপূতা পুনাতু মাম্। যদুচ্ছিষ্টমভোজ্যঞ্চ যদ্বা দুশ্চরিতং মম। সর্ব্বং পুনন্তু মামাপো অসতাঞ্চ প্রতিগ্রহম্ ॥ ১০ ॥

অপাং প্রার্থনা আপোজ্যোতিরিত্যাদি। হে আপঃ! যূয়ং জ্যোতিঃ আদিত্যরূপাঃ স্থ তাভ্যঃ ওঁ নম ইত্যন্বয়ঃ। ৯ ॥

আপঃ পুনন্ত্বিতি তাসামেবাপরো মন্ত্রঃ। পূতা সতী মাং পুনাতু। ব্রহ্মণস্পতিঃ ব্রহ্মণস্পতয়ঃ পৃথিবীং পুনন্তু ব্রহ্মপূতা ব্রহ্মভিঃ ব্রাহ্মণৈঃ পবিত্রিতা পৃথিবী মাং পুনাতু। মম উচ্ছিষ্টাদি সর্ব্বং তদাপঃ পুনন্তু শোধয়ন্তু ইত্যন্বয়ঃ ॥ ১০ ॥

এবং সর্ব্বত্রই তোমার অভিমুখ আছে। তুমি ব্রহ্মা, তুমি রুদ্র, তুমি বিষ্ণু এবং তুমিই বষট্‌কার স্বরূপ ॥ ৮ ।

এইক্ষণ জলের প্রার্থনা কথিত হইতেছে,—হে জল! তুমি জ্যোতি, অর্থাৎ আদিত্যস্বরূপ, তুমি রস, তুমি অমৃত, তুমি ব্রহ্ম, তুমি ভূর্লোক, তুমি ভুবলোক এবং তুমি স্বর্লোক তোমাকে নমস্কার করি, তুমি জ্যোতি-রাদিরূপে সর্ব্বত্র পরিব্যাপ্ত আছ ॥ ৯ ।

জল পৃথিবীকে পবিত্র করুক, পৃথিবী জল কর্ত্তৃক পবিত্রা হইয়া আমাকেও পূত করুন্, আর ব্রহ্মপতিরা পৃথিবীকে পবিত্র করুন্ এবং ব্রহ্মপূতা পৃথিবী আমাকে পবিত্র করুন্। আমি যদি উচ্ছিষ্ট, কিম্বা অভোজ্য ভোজন করিয়া থাকি, অথবা কোন দুষ্কার্য্য করিয়া থাকি কিম্বা অসৎ প্রতিগ্রহ করিয়া থাকি, জল সে সমুদায় শোধন করুক্, অর্থাৎ উচ্ছিষ্ট ভোজনাদিজনিত পাপ হইতে আমাদিগকে মুক্ত করুক্। ১০ ।

আপোঽমৃতমস্যমৃতোপস্তরণমস্যমৃতঞ্চ প্রাণে জুহোমি অমা শিষ্যান্তোঽসি প্রাণায় প্রধানায় স্বাহা অপানায় স্বাহা ব্যানায় স্বাহা সমানায় স্বাহা উদানায় স্বাহা ইতি কনিষ্ঠয়াঙ্গুল্যা অঙ্গুষ্ঠেন চ প্রাণে জুহোমি অনামিকয়া অপানে মধ্যময়া ব্যানে প্রদেশিন্যা সমানে সর্ব্বাভিরুদানে তূষ্ণীমেকামেক-ঋষৌ জুহোতি। দ্বে আহবনীয়ে একাং দক্ষিণাগ্নাবেকাং গার্হপত্যে একাং সর্ব্বপ্রায়শ্চিত্তীয়ে ॥ ১১ ॥

ইতি কৃষ্ণ-যজুর্ব্বেদগতা প্রাণাগ্নিহোত্রোপনিষদি প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

আপোঽমৃতমসীতি হে আপঃ! আপ্নোতেবসন্ বিধেয়বচনানুরোধেন বা অসীত্যেকবচনম্। অমা সহ হে শিষ্য প্রাণ! অন্তোঽসি অমিতোঽসি ভোজিতোঽসি। অম্গতো ভোজনে শব্দে অনামিকয়া ইত্যাদৌ অঙ্গুষ্ঠঃ সব্বত্রান্বেতি। একঋষৌ অগ্নৌ তন্নাম্নি সূর্য্যে আহবনীয়ে দর্শনাগ্নৌ

হে জল! তুমি অমৃত এবং অমৃতরূপে অন্নের উপস্তরণ হও, আমি তোমাকে প্রাণাগ্নিতে আহুতি প্রদান করিতেছি। হে প্রাণ। তুমি ভোজন কর, তুমি প্রধান, তোমাকে আহুতি প্রদান করি, ব্যানকে আহুতি প্রদান করি, সমানকে আহুতি প্রদান করি এবং উদানকে আহুতি প্রদান করি। অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাঙ্গুলি দ্বারা প্রাণে, অনিকা ও অঙ্গুষ্ঠাঙ্গুলিদ্বারা অপানে, মধ্যমা ও অঙ্গুষ্ঠাঙ্গুলিদ্বারা ব্যানে, তর্জ্জনী ও অঙ্গুষ্ঠাঙ্গুলিদ্বারা সমানে এবং সর্ব্বাঙ্গুলিদ্বারা উদানে আহুতি দিতেছি। এইরূপ প্রাণাহুতি প্রদান করিয়া সূর্য্যেতে একাহুতি আহবনীয়, অর্থাৎ দর্শনাগ্নিতে দুই আহুতি, দক্ষিণাগ্নি, অর্থাৎ হৃদয়স্থ শরীরাগ্নিতে একাহুতি গার্হপত্যাগ্নি, অর্থাৎ নাভিস্থ কোষ্ঠাগ্নিতে এক আহুতি এবং সর্ব্ব প্রায়-

দ্বিতীয়ঃ খণ্ডঃ ।

অথাপিধানমস্যমৃতত্বায় উপদধামীত্যুপস্পৃশ্য পুনরাদায় পুনরুপস্পৃশেৎ। স তে প্রাণাবাপো গৃহীত্বা হৃদয়মন্বালভ্য জপেৎ ॥ ১ ॥

মুখস্থে দক্ষিণাগ্নৌ শরীরাগ্নৌ হৃদয়স্থে গার্হপত্যে কোষ্ঠাগ্নৌ নাভিস্থে সর্ব্বপ্রায়শ্চিত্তীয়ে নাভেরধঃস্থিতে ॥ ১১ ।

ইতি প্রাণাগ্নিহোত্রোপনিষদ্দীপিকায়াং
প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ।

অপিধানম্ আচ্ছাদনম্। অনেন মন্ত্রেণ দ্বিবাচম্য ততো বামেন উদকং গৃহীত্বা দক্ষিণেন হৃদয়ম্ আলভ্য স্পৃষ্ট্বা অমৃতোঽসীত্যন্তং জপেৎ ॥ ১ ।

শ্চিত্তীয় নাভিস্থ অগ্নিতে একাহুতি প্রদান করিতে হইবে, এইরূপে শারীর যজ্ঞসাধন করিবে ॥ ১১ ।

ইতি কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-প্রাণাগ্নিহোত্রোপনিষদে প্রথম খণ্ড ॥ ১ ।

পূর্ব্বোক্তপ্রকারে প্রাণাহুতি প্রদান করিয়া জলকে বলিবে, তুমি অন্নের আচ্ছাদন হও, হে জল! তোমাকে অমৃতরূপে ধারণ করিতেছি, এই বলিয়া জলগ্রহণপূর্ব্বক আচমন করিবে এবং পুনর্ব্বার জলগ্রহণ করিয়া আচমন করিবে। অনন্তর বামভাগে জলগ্রহণ এবং দক্ষিণ হস্তে হৃদয়াবলম্বনপূর্ব্বক বক্ষ্যমাণ অমৃতোঽসি ইত্যন্তমন্ত্র জপ করিতে হইবে ॥ ১ ।

প্রাণোঽগ্নিঃ পরমাত্মা পঞ্চবায়ুভিরাবৃতঃ। অভয়ং সর্ব্বভূতেভ্যো ন ভবেঽহং কদাচন ইতি ॥ ২ ॥

বিশ্বোঽসি বৈশ্বানরো বিশ্বরূপো বিশ্বং ত্বয়া ধার্য্যতে জায়মানম্। বিশ্বন্তু ত্বাহুতয়ঃ সর্ব্বা যত্র ব্রহ্মা বিশ্বামৃতোঽসি ইতি ॥ ৩ ॥

মহানবোঽয়ং পুরুষো যোঽঙ্গুষ্ঠাগ্রে প্রতিষ্ঠিতঃ তমদ্ভিঃ পরিষিঞ্চামি সোঽস্যান্তে অমৃতায় যোনৌ ইতি ॥ ৪ ॥

অভয়মিতি। সর্ব্বভূতেভ্যোঽভয়ং ভবেৎ অহং কদাচন কদাচিদপি ন ভবে অপি তু ভবেয়মেবেত্যন্বয়ঃ ॥ ২ ॥

ইমে দ্বে প্রার্থনে। বিশ্বস্থিতি বিশ্বমিব ত্বা তব সর্ব্বা আহুতয়ঃ। যত্র বিশ্বস্মিন্ ব্রহ্মা বর্ত্ততে ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তং জগৎ তব আহুতয় ইত্যর্থঃ। তর্হি ত্বমপি কস্যচিদাহুতিঃ স্যাঃ? অত আহ বিশ্বামৃত ইতি। বিশ্বামৃতোঽসি বিশ্বেষু নিত্যোঽসি ॥ ৩ ॥

মহানিতি। অবঃ অন্নং তর্পক ইত্যর্থঃ অমৃতায় যোনৌ নিষেকস্থানে অমৃতভাবায় অনেন দক্ষিণাঙ্গুষ্ঠাগ্রং সিঞ্চেৎ ॥ ৪ ॥

প্রাণই অগ্নি, এই অগ্নিই পরমাত্মা, এই পরমাত্মা পঞ্চবায়ুদ্বারা আবৃত আছেন, ইনি সর্ব্বভূত হইতে অভয়, অর্থাৎ ইহার কোন ভয় নাই। আমিও কি কখন অভয় হইতে পারিব না, অবশ্য আমিও অভয় হইব ॥ ২ ॥

হে প্রাণ! তুমিই বিশ্বময়, তুমিই বৈশ্বানর, তুমিই বিশ্বরূপ এবং তুমিই এই জায়মান বিশ্বকে ধারণ করিতেছ।—ব্রহ্মাদি স্তম্বপর্য্যন্ত এই জগৎ তোমারই আহুতিস্বরূপ, কিন্তু তুমি কাহারও আহুতিস্বরূপ হও না, এই বিশ্বমধ্যে তুমিই নিত্য ॥ ৩ ॥

যে মহাপুরুষরূপ অন্ন অঙ্গুষ্ঠাগ্রে প্রতিষ্ঠিত আছে, আমি তাহাকে অভিষেক করিতেছি। নিষেক স্থানের অমৃতীভাবার্থ জলসেক কর্ত্তব্য। অতএব অঙ্গুষ্ঠাগ্রে জলসেক করি, এই বলিয়া দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠাঙ্গুলির অগ্রে জলসেক করিবে ॥ ৪ ॥

এষ এবাত্মা ধ্যায়েতাগ্নিহোত্রং জুহোমীতি। সর্ব্বেষামেব সূনুর্ভবতি ॥ ৫ ॥

অথ যজ্ঞপরিবৃতয়াহুতীর্হোময়তি স্বে শরীরে যজ্ঞং পরিবর্ত্তয়ামীতি চত্বারোঽগ্নয়ঃ তে কিং নামধেয়াঃ? তত্র সূর্য্যোঽগ্নির্নাম সূর্য্যমণ্ডলাকৃতিঃ সহস্ররশ্মিভিঃ পরিবৃত একঋষির্ভূত্বা মূর্দ্ধনি তিষ্ঠতি। যস্মাদুক্তো দর্শনাগ্নির্নাম চতুরাকৃতিরাহবনীয়ো ভূত্বা মুখে তিষ্ঠতি। শারীরাগ্নি-

---

এষ ভোক্তা অঙ্গুষ্ঠাগ্রে স্থিতঃ স এবাত্মা জ্ঞেয়ঃ। অত্রাগ্নিহোত্রবুদ্ধিঃ কর্ত্তব্যেত্যাহ ধ্যায়েতেতি সূনুঃ জনকঃ সোতা সূতে ইতিব্যুৎপত্ত্যা নতু রূঢ্যা সূনুঃ পুত্রেঽনুজে রবৌ ইতি বিশ্বোক্তেঃ। যদ্বা সূনুঃ পুত্রঃ যথা পিতুস্তর্পকঃ এবং সর্ব্বেষাং তর্পকো ভবতীত্যর্থঃ ॥ ৫ ॥

যজ্ঞপরিবৃতে ইতি। যজ্ঞপরিবর্ত্তনায় সম্পদাদিত্বাৎ ক্বিপ্। অথ অগ্নিহোত্রবুদ্ধ্যনন্তরম্ অধিকারপ্রাপ্তৌ আহুতয়ো যাস্তা যজ্ঞবুদ্ধ্যা হোময়তি মুখে ক্ষিপতি যজ্ঞং পরিবর্ত্তয়ামীতি বুদ্ধ্যা। চত্বার ইতি পঞ্চমস্য প্রায়শ্চিত্তীয়স্যাসাৰ্ব্বত্রিকত্বাৎ। উপসনার্থং নামানি পৃচ্ছতি তে ইতি। যস্মাদুক্ত ইতি পূর্ব্বেণ সম্বধ্যতে যস্মাৎ সূর্য্যঃ সহস্রদলাধিষ্ঠাতেতি বেদে-

---

এই যে ভোক্তা অঙ্গুষ্ঠাগ্রে আছেন, ইহাঁকেই আত্মা বলিয়া জানিবে। এইস্থলে অগ্নিহোত্র বুদ্ধি করিবে, অর্থাৎ আমি যেন অগ্নিহোত্রে হোম করিলাম, এইরূপ চিন্তা করিবে। যেমন পুত্র পিতার তৃপ্তির কারণ, সেইরূপ অন্ন জগতের পরিতৃপ্তির হেতু ॥ ৫ ॥

পূর্ব্বোক্ত প্রকারে অগ্নিহোত্র বুদ্ধির পর যজ্ঞ প্রবর্ত্তনের নিমিত্ত "আমি যজ্ঞ পরিবর্ত্তন করিতেছি" এইরূপ জ্ঞানে স্বীয় শরীরে হোম করিবে, অর্থাৎ মুখে অন্ন নিক্ষেপ করিবে। শরীরমধ্যে চতুর্ব্বিধ অগ্নি বিদ্যমান আছে, উক্ত অগ্নিচতুষ্টয়ের নাম কি? উপাসনার্থই ইহাদিগের নাম জিজ্ঞাসা আবশ্যক বোধ হইতেছে, এই আশঙ্কায় বলিতেছেন,—সূর্য্যনামা

নাম জরাপ্রণুদা হবিরবিস্কন্দতি। অর্দ্ধচন্দ্রাকৃতির্দ্দক্ষিণাগ্নির্ভূত্বা হৃদয়ে তিষ্ঠতি॥ ৬॥

তত্র কোষ্ঠাগ্নিরিতি কোষ্ঠাগ্নির্নামাশিতপীতলীঢ়াস্বাদিতানি সম্যক্ শ্রপয়িত্বা গার্হপত্যো ভূত্বা নাভ্যাং তিষ্ঠতি।

ষুক্তঃ। তদধস্তনমগ্নিমাহ দর্শনাগ্নিরিতি চতুরাকৃতিঃ চতুরস্রাকৃতিঃ মুখে ইতি। তদুক্তম্—"জিহ্বামূলে স্থিতো দেবি! সর্ব্বতেজোময়োঽনলঃ। তদগ্রে ভাস্বরশ্চন্দ্রস্তালুমূলে প্রতিষ্ঠিতঃ॥" ইতি। তৃতীয়াগ্নিমাহ শারীরেতি। শারীরাগ্নিঃ জঠরাগ্নিঃ জ্ঞানাগ্নিঃ শুভাশুভভোক্তা জরাপ্রণুদা জরাং প্রণুদতি কনিৎ প্রত্যয়ঃ। অজরো ন জীবোম্রিয়ত ইতি শ্রুতেঃ। হৃদয়ে ইতি। তদুক্তম্—"হৃৎসরোরুহমধ্যেঽস্মিন্" ইত্যুপক্রম্য—"বিশ্বার্চ্চিষং মহাবহ্নিং জ্বলন্তং বিশ্বতো মুখম্" ইত্যাদি। হবিঃ ভুক্তম্ অবিস্কন্দতি অবস্কন্দতি শোষয়তি তদ্রসং গৃহ্লাতীত্যর্থঃ॥ ৬॥

"নাভিমধ্যে ভবত্যেষ ভাস্করো দেহনায়কঃ।" ইতি। প্রায়শ্চিত্তীয়স্ত অধস্তাদ্বর্ত্ততে সর্ব্বেষামিতি শেষঃ। তদুক্তম্—"ত্রিকোণঞ্চ পুরং বহ্নে-

---

অগ্নি সূর্য্যমণ্ডলাকৃতি সহস্ররশ্মিপরিবৃত ও এক ঋষি নামে মূর্দ্ধপ্রদেশে বিদ্যমান আছেন। যাহা হইতে সূর্য্য সহস্রদলাধিষ্ঠাতা বলিয়া বেদে উক্ত আছে। তাহার অধস্তনপ্রদেশে দর্শন নাম অগ্নি বিদ্যমান আছে। ইহা চতুরাকৃতি আহবনীয়নামে মুখে স্থিতি করিতেছেন। সর্ব্বতেজোময় অগ্নি জিহ্বামূলে এবং তাহার উপরিভাগে তালুমূলে ভাস্বর ও চন্দ্র আছেন। তৃতীয়াগ্নি, অর্থাৎ শরীরাগ্নি জঠরাগ্নিনামে অভিহিত হয়। এই অগ্নি জীবিগণের জরা বিনাশ করে এবং ভুক্ত অন্নাদি দ্রব্যের শোধন করিয়া তাহার রসগ্রহণ করিয়া থাকে, আর দক্ষিণাগ্নি অর্দ্ধচন্দ্রাকৃতি হইয়া হৃদয়ে অবস্থান করিতেছে। ৬॥

পূর্ব্বে কোষ্ঠাগ্নি উক্ত হইয়াছে, এইক্ষণ তাহাই নিরূপণ করিতেছেন।—প্রাণিগণ যাহা চোষণ করে, যাহা পান করে, যাহা লেহন করে ও যাহা

প্রায়শ্চিত্তীয়স্ত্বধস্তাৎ স্ত্রিয়স্তিস্রো হিমাংশুপ্রভাভিঃ প্রজননকর্ম্মা ॥ ৭ ॥

ইতি কৃষ্ণ-যজুর্ব্বেদগতা প্রাণাগ্নিহোত্রোপনিষদি
দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ২ ॥

রধো মেঢ্রাদবস্থিতম্" ইতি। স্ত্রিয়স্তিস্রো যস্য বর্ত্তন্তে ইতি শেষঃ। নাড়ীনাং বাহুল্যেঽপি মুখ্যা নাড্যস্তিস্র এব ইড়াপিঙ্গলাসুষুম্নাঃ তাভিঃ কিং করোতি ? ইত্যত আহ হিমাংশ্বিতি। হিমাংশোঃ ললাটস্থচন্দ্রমণ্ডলাৎ নাড়ীদ্বারা চ্যুতাভিঃ শুক্ররূপাভিঃ প্রজননং প্রজোৎপত্তিঃ কর্ম্ম যস্য সঃ তথা পুংলিঙ্গমূলং হ্যগ্নিকুণ্ডমধ্যেঽস্তি তেনাগ্নিকুণ্ডে পতিতং শুক্রং প্রাণেনাকৃষ্টং লিঙ্গাগ্রেণ গর্ভাশয়ং প্রবিশ্য প্রজা ভবতি তেনাগ্নীষোমাত্মকং শরীরমুচ্যতে ॥ ৭ ॥

ইতি প্রাণাগ্নিহোত্রোপনিষদ্দীপিকায়াং
দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ২ ॥

ভক্ষণ করে, কোষ্ঠাগ্নি সেই সমুদায়ই পাক করিয়া গার্হপত্যনামে নাভিতে অবস্থিতি করে। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, দেহনায়ক ভাস্কর নাভিমধ্যে বাস করেন। প্রায়শ্চিত্তীয় অগ্নি সকল অগ্নির অধোদেশে বিদ্যমান আছে, প্রমাণান্তরে জানা যায় যে, মেঢ্রের অধোভাগে বহ্নির ত্রিকোণপুর অবস্থিত আছে। এই অগ্নির স্ত্রীস্বরূপ তিন তিনটি নাড়ী আছে, দেহমধ্যে অসংখ্য নাড়ী আছে বটে, কিন্তু ইড়া, পিঙ্গলা ও সুষুম্না এই তিন নাড়ীই প্রধান। উক্ত অগ্নি এই নাড়ীত্রয়দ্বারা ললাটস্থ চন্দ্রমণ্ডল হইতে পরিচ্যুত শুক্ররূপ প্রভাগ্রহণ করিয়া সন্তানোৎপাদনকর্ম্ম করে, অর্থাৎ অগ্নিকুণ্ড মধ্যে পুংলিঙ্গের মূল আছে, সেই মূলদ্বারা অগ্নিকুণ্ডে পতিত হয়। অনন্তর

তৃতীয়ঃ খণ্ডঃ।

অস্য শরীরযজ্ঞস্য যূপরশনাশোভিতস্য কো যজমানঃ? কা পত্নী? কে ঋত্বিজঃ? কোঽধ্বর্য্যুঃ? কো হোতা? কো ব্রাহ্মণাচ্ছংসো? কঃ প্রতিপ্রস্থাতা? কঃ প্রস্তোতা? কো মৈত্রাবরুণঃ? ক উদ্গাতা? কে সদস্যাঃ? কানি যজ্ঞপাত্রাণি? কানি হবীংষি? কা বেদিঃ? কা উত্তর-বেদিঃ? কেড়া? কো দ্রোণকলশঃ? কো রথঃ? কঃ পশুঃ? কা ধারাপোতা? কে দর্ভাঃ? কঃ স্রুবঃ? কা আজ্যস্থালী? কাবাঘারৌ? কাবাজ্যভাগৌ? কে

শরীরযজ্ঞস্য যূপেনোঙ্কারেণ রশনয়াশয়া শোভিতস্য উপকরণানি

প্রাণদ্বারা উহা আকর্ষণ করিয়া গর্ভাশয়ে প্রবেশিত করিলেই সন্তানোৎ-পত্তি হইয়া থাকে। এই নিমিত্ত শরীরকে অগ্নীষোমাত্মক বলে ॥ ৭ ॥

ইতি কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-প্রাণাগ্নিহোত্রোপনি-
ষদে দ্বিতীয় খণ্ড ॥ ২ ॥

এইক্ষণ ওঙ্কাররূপ রশনাদ্বারা পরিশোভিত শারীর যজ্ঞের উপকরণ জিজ্ঞাসা করিতেছেন।—এই যজ্ঞের যজমান কে? পত্নী কে? পুরোহিত কে? অধ্বর্য্যু কে? হোতা কে? ব্রহ্মা কে? প্রতিষ্ঠাতা কে? প্রস্তোতা কে? মৈত্রাবরুণ কে? উদ্গাতা কে? সদস্য কে কে? যজ্ঞপাত্র কি কি? হবনীয় দ্রব্য কি কি? বেদি কে? উত্তরবেদি কে? ইড়া কে? দ্রোণ-কলস কে? রথ কে? পশু কে? ধারাপোতা কে? দর্ভা কে? স্রুব কে? আজ্যস্থালী কে? আঘারদ্বয় কে কে? আজ্যভাগদ্বয় কে কে? প্রযাজ্যা

প্রযাজাঃ? কে অনুযাজাঃ? কঃ সূক্তবাকঃ? কঃ শংযো-
র্ব্বাকঃ? কা অহিংসা? কে পত্নীসংযাজাঃ? কো যূপঃ?
কা রশনা? কা ইষ্টয়ঃ? কা দক্ষিণা কিমবভৃত-
মিতি ॥ ১ ॥

ইতি কৃষ্ণ-যজুর্ব্বেদগতা প্রাণাগ্নিহোত্রো-
পনিষদি তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

পৃষ্ট্যন্তে পৃষ্ট্যা চোত্তরার্থং কচিৎ ক্রমেণ কচিদ্ব্যুৎক্রমেণানাস্থয়া দৃষ্টিসম্পা-
দন এব তাৎপর্য্যাৎ। কেড়া কা ইড়া ॥ ১ ॥

ইতি প্রাণাগ্নিহোত্রোপনিষদ্দীপিকায়াং
তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

কে? অনুযাজা কে? সূক্তবাক্ কে? সংযোর্ব্বাক্ কে? অহিংসা কে?
পত্নীসংযাজা কে? যূপ কে? রশনা কে? ইষ্টি কে? দক্ষিণা কি? এবং
অবভৃথ কি? ॥ ১ ॥

ইতি কৃষ্ণ-যজুর্ব্বেদীয় প্রাণাগ্নিহোত্রোপনি-
ষদে তৃতীয় খণ্ড ॥ ৩ ॥

চতুর্থঃ খণ্ডঃ।

অস্য শরীরযজ্ঞস্য যূপরশনাশোভিতস্য আত্মা যজমানঃ বুদ্ধিঃ পত্নী বেদা মহর্ত্বিজঃ প্রাণো ব্রাহ্মণাচ্ছংসী অপানঃ প্রতিপ্রস্থাতা ব্যানঃ প্রস্তোতা সমানো মৈত্রাবরুণঃ উদান উদ্গাতা অহঙ্কারোঽধ্বর্য্যুঃ হোতা চিত্তং শরীরং বেদিঃ নাসিকোত্তরবেদিঃ মূর্দ্ধা দ্রোণকলশঃ দক্ষিণহস্তঃ স্রুবঃ সব্যহস্ত আজ্যস্থালী শ্রোত্রে আঘারৌ চক্ষুষী আজ্যভাগৌ গ্রীবা ধারাপোতা তন্মাত্রাণি সদস্যাঃ মহাভূতানি প্রযাজাঃ ভূতান্যনুযাজাঃ জিহ্বেড়া দন্তোষ্ঠৌ সূক্তবাকঃ তালুঃ সংযোর্ব্বাকঃ স্মৃতির্দয়া ক্ষান্তিরহিংসা

বেদাঃ মহর্ত্বিজঃ ঋত্বিজামপি ঋত্বিজঃ সর্ব্বেষামুপদেষ্টৃত্বাৎ। সামান্যপ্রশ্নস্য বিশেষপর্য্যবসায়িত্বাৎ বিশেষেণোত্তরং প্রাণ ইত্যাদিনা। আত্মাদীনাং যজমানাদিসাম্যং স্বাতন্ত্র্যাদিনা যথাসম্ভবমূহনীয়ম্ গ্রীবা কন্ধরা ধারাপোতা ধারাভিরুপলক্ষিতঃ পোতা পাবমানাধ্যেতা জিহ্বেড়া জিহ্বা

পূর্ব্বোক্ত প্রশ্নের উত্তরার্থ বলিতেছেন,—উক্ত যূপরশনাদিশোভিত শারীর যজ্ঞে যজমান আত্মা, বুদ্ধি পত্নী, বেদসকল পুরোহিত। প্রাণ ব্রহ্মা, অপান প্রতিপ্রস্থাতা, ব্যান প্রস্তোতা, সমান মৈত্রাবরুণ; উদান উদ্গাতা, অহঙ্কার অধ্বর্য্যু, চিত্ত হোতা, শরীর বেদি, নাসিকা উত্তরবেদি। হস্ত দ্রোণকলস, দক্ষিণহস্ত স্রুব, বামহস্ত আজ্যস্থালী, উভয়কর্ণ আঘারদ্বয়, উভয় চক্ষু আজ্যভাগদ্বয়, গ্রীবা ধারাপোতা, পঞ্চতন্মাত্র সদস্যগণ, মহাভূতসকল প্রযাজা, ভূতসকল অনুযাজা, জিহ্বা ইড়া (পাত্রবিশেষ) দন্ত ও ওষ্ঠ সূক্ত বাক্, তালু সংযোর্ব্বাক; স্মৃতি, দয়া, ক্ষান্তি ও হিংসা এই

পত্নীসংযাজাঃ ওঙ্কারো যূপঃ আশা রশনা মনো রথঃ কামঃ পশুঃ কেশা দর্ভাঃ বুদ্ধীন্দ্রিয়াণি যজ্ঞপাত্রাণি কর্ম্মেন্দ্রিয়াণি হবীংষি অহিংসা ইষ্টয়ঃ ত্যাগো দক্ষিণা অবভৃথং মরণাৎ ॥ ১ ॥

সর্ব্বা হ্যস্মিন্ দেবতাঃ শরীরেঽধিসমাহিতাঃ।
বারাণস্যাং মৃতো বাপি ইদং বা ব্রহ্ম যঃ পঠেৎ ॥
একেন জন্মনা জন্তুর্ম্মোক্ষঞ্চ প্রাপ্নুয়াদিতি।
মোক্ষঞ্চ প্রাপ্নুয়াদিতি ॥ ২ ॥

ইতি কৃষ্ণ-যজুর্ব্বেদগতা প্রাণাগ্নিহোত্রোপনিষদি চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪ ॥

ইতি প্রাণাগ্নিহোত্রোপনিষৎ সমাপ্তা ॥

ইড়া পাত্রবিশেষঃ স্মৃতিঃ দয়া ক্ষান্তিঃ অহিংসা চত্বারঃ পত্নীসংযাজাঃ মনো রথঃ মন এব রথঃ মরণাৎ দেহাখ্যমলাপনয়নাৎ অবভৃথঃ যজমানস্য যজ্ঞান্তস্নানম্ ॥ ১ ।

নন্থ ভবন্তু যজ্ঞোপকরণানি তথাপি দেবতাভাবে কথং যজ্ঞঃ স্যাৎ? ইত্যত আহ সর্ব্বা হীতি যাবদধিদৈবতং তাবদধ্যাত্মং বর্ত্ততে চক্ষুরাদীনাং

পত্নীচতুষ্টয় সংযাজা, ওঙ্কার যূপ, আশা রশনা, মন রথ, কাম পশু, কেশ দর্ভা; বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় আহবনীয় দ্রব্য, চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় যজ্ঞপাত্র অহিংসা ইষ্টি, ত্যাগ দক্ষিণা এবং মরণ অবভৃত, অর্থাৎ যজ্ঞাবসান স্নান, মরণ হইলেই দেহরূপ মনাপনয়ন হয় ॥ ১ ॥

যদিও সমস্ত যজ্ঞোপকরণ হইল বটে, কিন্তু দেবতার অভাবে কিরূপে যজ্ঞ হইতে পারে? এই অভিপ্রায়ে বলিতেছেন,—সকল দেবতাই এই

সূর্য্যাদ্যধিষ্ঠিতত্বাদিতিভাবঃ। নমু জ্ঞানাভাবে কথং মোক্ষঃ? ইত্যাশঙ্ক্য বারাণসীমরণং দৃষ্টান্তঃ দ্বিরুক্তিঃ সমাপ্ত্যর্থা।

নারায়ণেন রচিতা শ্রুতিমাত্রোপজীবিনা।
অস্পষ্টপদবাক্যানামগ্নিহোত্রস্য দীপিকা॥

ইতি চতুর্থঃ খণ্ডঃ॥ ৪॥

ইতি প্রাণাগ্নিহোত্রোপনিষদো-দীপিকা সম্পূর্ণা।

শরীরে বসতি করিতেছেন। যাবৎ শরীরে অধিদেবতা থাকেন, তাবৎ অধ্যাত্ম দেবতাও থাকেন। চক্ষুঃ প্রভৃতিতে সূর্য্যাদির অধিষ্ঠান হইয়া থাকে। যদিও উক্ত প্রকারে দেবত্ব প্রাপ্ত হয় বটে, তথাপি জ্ঞানাভাবে কিরূপে মুক্তি হইতে পারে? ইহাতে বক্তব্য এই যে, কাশীতে মরণ হইলে জ্ঞান জন্মিতে পারে। এইক্ষণ জানা যাইতেছে যে, যে ব্যক্তি কাশীতে প্রাণত্যাগ করে, অথবা এই উপনিষৎপাঠ করে, সেই ব্যক্তি এক জন্মেই মোক্ষলাভ করিয়া থাকে॥ ২॥

ইতি কৃষ্ণ-যজুর্ব্বেদীয় প্রাণাগ্নিহোত্রো-
পনিষদে চতুর্থ খণ্ড॥ ৪॥

**ইতি কৃষ্ণ-যজুর্ব্বেদীয় প্রাণাগ্নিহোত্রো-
পনিষৎ সমাপ্ত॥**

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-

সর্ব্বোপনিষৎসারঃ।

(শ্রুতি, দীপিকা ও বঙ্গানুবাদ-সমেত।)

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী-সভা হইতে

শ্রীশ্রীশ্রীপূজ্যপাদ ভগবান্ সান্দ্রানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে

চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"

"পঞ্চদশী" এবং ষড়্দর্শনাদিশাস্ত্র-প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক

সঙ্কলিত ও প্রকাশিত।

(সভার কার্য্যালয়; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।)

কলিকাতা।

বাগবাজার, রাজা রাজবল্লভ ষ্ট্রীট্ ৮৪ নং, নব-সারস্বত যন্ত্রে
শ্রীনবকুমার বসু দ্বারা মুদ্রিত।

শকাব্দাঃ ১৮০৯, চৈত্র।

॥ ওঁ ॥ তৎসৎ ॥ ওঁ ॥

কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-

সর্ব্বোপনিষৎসারঃ।

॥ ওঁ ॥ পরমাত্মনে নমঃ ॥ ওঁ ॥

ওঁ কথং বন্ধঃ কথং মোক্ষঃ কাঽবিদ্যা কা বিদ্যেতি জাগ্রৎস্বপ্নসুষুপ্তং তুরীয়ঞ্চ কথম্ অন্নময়ঃ প্রাণময়ো মনোময়ো বিজ্ঞানময় আনন্দময়ঃ কথং কর্ত্তা জীবঃ ক্ষেত্রজ্ঞঃ

ওঁ বন্ধাদি মায়াপর্য্যন্তং লক্ষণং তৈত্তিরীয়কে।
সর্ব্বোপনিষদাং সারঃ সপ্তত্রিংশে চতুর্দ্দশে ॥

ত্রয়োবিংশতেরর্থানামাদৌ স্বরূপলক্ষণপ্রশ্নে বন্ধস্বরূপং তাবদাহ আত্মেশ্বর ইতি। অনাত্মনঃ স্থূলত্বাৎ দেহেন্দ্রিয়াদীন্ আত্মত্বেন ব্রাহ্মণোঽহং মলোঽহং গচ্ছামীত্যাত্মত্বেনাভিমন্যতে সোঽভিমানো বন্ধঃ তত্ত্যাগো মোক্ষঃ তৎকারিকা অবিদ্যা তন্নিবর্ত্তিকা বিদ্যা। মন আদীতি মনোবুদ্ধি-চিত্তাহঙ্কারশ্রোত্রত্বক্-চক্ষু-রসনাঘ্রাণবাক্-পাণিপাদপায়ু-পস্থাখ্যজ্ঞানকর্ম্ম-

---

বন্ধ কি? মোক্ষ কি? অবিদ্যা কি? বিদ্যা কি? জাগ্রদবস্থা কি? স্বপ্নাবস্থা কি? সুষুপ্তি কি? তুরীয়াবস্থা কি? অন্নময়কোষ কি? প্রাণময়-কোষ কি? মনোময় কি? বিজ্ঞানময় কি? আনন্দময় কি? কর্ত্তা কে? জীব কে? ক্ষেত্রজ্ঞ কে? সাক্ষী কে? কূটস্থ কে? অন্তর্য্যামী কে? প্রত্য-

সাক্ষী কূটস্থোঽন্তর্য্যামী কথং প্রত্যগাত্মা পরমাত্মা আত্মা মায়া চেতি কথমাত্মেশ্বরঃ ॥ ১ ॥

অনাত্মনো দেহাদীনাত্মত্বেনাভিমন্যতে সোঽভিমান আত্মনো বন্ধঃ তস্মিন্ নিবৃত্তির্মোক্ষঃ তমভিমানং কারয়তি যা সাঽবিদ্যা সোঽভিমানো যয়া নিবর্ত্ততে সা বিদ্যা মন আদিচতুর্দ্দশকরণৈঃ পুষ্কলৈরাদিত্যাদ্যনুগৃহীতৈঃ শব্দাদীন্ বিষয়ান্ স্থূলান্ যদোপলভতে তদাত্মনো জাগরণম্ ॥ ২ ॥

করণৈঃ পুষ্কলৈঃ বহিরাবির্ভূতৈশ্চন্দ্রাচ্যুত-শঙ্কর-চতুর্ম্মুখ-দিক্-বাতার্ক-প্রচেতোঽশ্বিবহ্নীন্দ্রোপেন্দ্রমিত্রব্রহ্মভিরনুগৃহীতৈঃ সঙ্কল্পাধ্যবসায়চেতনাভিমানশব্দস্পর্শরূপরসগন্ধবক্তৃব্যাদানগমনবিসর্গানন্দান্ স্থূলান্ বহির্ভূতান যদোপলভতে তদা আত্মনো জাগ্রদ্ব্যবহারঃ ॥ ১২ ॥

গাত্মা কে? পরমাত্মা কে? আত্মা কে? এবং মায়া কে? এই ত্রয়োবিংশতি প্রশ্নের উত্তর প্রদানার্থ বন্ধাদিস্বরূপ নিরূপণ করিতেছেন ॥ ১ ॥

অনাত্মভূত দেহাদিতে যে আত্মত্বাভিমান, অর্থাৎ আমি ব্রাহ্মণ আমি স্থূল এবং আমি গমন করি, ইত্যাদিরূপে দেহাদিতে আত্মত্বজ্ঞানই আত্মার বন্ধন। উক্ত অভিমান পরিত্যাগই মোক্ষ, যে উক্ত অনাত্ম দেহাদিতে আত্মত্বাভিমানের নিবৃত্তি করে, তাহাই বিদ্যা। যখন আত্মা মন, বুদ্ধি, চিত্ত, অহঙ্কার, শ্রোত্র, ত্বক্, চক্ষু, রসনা, নাসিকা, বাক্, পাণি, পাদ, পায়ু ও উপাস্থাখ্য, বহিরাবির্ভূত এবং চন্দ্র, অচ্যুত, শঙ্কর, চতুর্ম্মুখ, দিক্, বায়ু, অর্ক, বরুণ, অশ্বিনীকুমার, বহ্নি, ইন্দ্র, বিষ্ণু, মিত্র ও ব্রহ্মা এই সকল অধিপতি-কর্ত্তৃক অনুগৃহীত চতুর্দ্দশ করণদ্বারা সঙ্কল্প, অধ্যবসায়, চেতনা, অভিমান, শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ, বক্তৃব্যাদন, গমন, বিসর্গ ও আনন্দ, এই সকল স্থূলবিষয় উপলাভ করে, তখনই আত্মার জাগ্রদবস্থা হয় ॥ ২ ॥

তদ্বাসনারহিতশ্চতুর্ভিঃ করণৈঃ শব্দাদ্যভাবেঽপি বাসনাময়ান্ শব্দাদীন্ যদোপলভতে তন্মনঃ স্বপ্নম্। চতুর্দ্দশকরণোপরমাদ্বিষয়বিশেষবিজ্ঞানাভাবাৎ যদা তদা আত্মনঃ সুষুপ্তম্। অবস্থাত্রয়াভাবাদ্ভাবসাক্ষি স্বয়ং ভাবরহিতং নৈরন্তর্য্যং চৈতন্যং যদা তদা তত্তুরীয়ং চৈতন্যমিত্যুচ্যতে ॥ ৩ ॥

তদ্বাসনাবহিত ইতি। দেবতানিমিত্তে অদৃষ্টনিমিত্তে চ স্বপ্ন ইতি বোদ্ধব্যম্ চিন্তাস্বপ্নে বাসনায়া নিমিত্তত্বাৎ অতএব বাসনাময়ানিত্যুক্তম্ অরহিত ইতি বা ছেদঃ। দেবতাদৃষ্টকৃতে তু বাসনাদ্বয়ে বাসনাশব্দেন দেবেচ্ছা ধর্ম্মাধর্ম্মৌ চ ব্যাখ্যেয়ৌ। তন্মনঃ স্বপ্নমিতি সা মনোবৃত্তিঃ স্বপ্ন ইত্যর্থঃ। তদা আত্মনঃ স্বপ্নমিতি তু যুক্তঃ পাঠঃ জাগরণসুষুপ্ত্যোরাত্মশব্দগ্রহণাৎ। চতুর্দ্দশেতি স্বপ্নে তু দশানামেবোপরমঃ চতুর্ণামন্তঃকরণানাং ব্যাপারঃ করণাভাবে বিষয়াণাং শব্দাদীনাং বিশেষতো জ্ঞানাভাবাৎ যদা আত্মনোঽবস্থানমিতি শেষঃ তদা আত্মনঃ সুষুপ্তঃ সুষুপ্তিরিত্যর্থঃ। তন্মনঃ সুষুপ্তমিতি ক্বচিৎ পাঠঃ তদা তন্মনঃ সুষুপ্তম্ উপরম ইতি ব্যাখ্যেয়ম্। ভাবসাক্ষি ভাবানাং সাক্ষি সাক্ষাদ্দ্রষ্টৃ সাক্ষিশব্দঃ সাক্ষাদ্দ্রষ্টৃবাচী স্বয়ং

যখন আত্মা বাসনারহিত হইয়া শব্দাদির অভাবেও মন, বুদ্ধি, চিত্ত ও অহঙ্কার, এই করণচতুষ্টয়দ্বারা বাসনাময় শব্দাদি উপলাভ করে, তখনই আত্মার স্বপ্নাবস্থা হয়। এই বাসনা দেবতানিমিত্ত এবং অদৃষ্টনিমিত্ত হইয়া থাকে, যেহেতু চিন্তাস্বপ্নে বাসনাই নিমিত্ত হয়। দেবতানিমিত্ত ও অদৃষ্টনিমিত্ত এই বসনাদ্বয়েই বাসনাশব্দে ধর্ম্মাধর্ম্মই ব্যাখ্যেয়, স্বপ্নাবস্থায় বাক্পাণিপ্রভৃতি পঞ্চকর্ম্মেন্দ্রিয় ও চক্ষুঃকর্ণাদি পঞ্চজ্ঞানেন্দ্রিয় ইহাদিগের উপরম হয়, কেবল মনঃপ্রভৃতি ইন্দ্রিয়চতুষ্টয়ের কার্য্য থাকে। আর যখন চতুর্দ্দশ ইন্দ্রিয়ই উপরত হয়; সুতরাং ইন্দ্রিয়ের অভাবে শব্দাদিবিষয় সকলের বিশেষরূপ জ্ঞান থাকে না, এইরূপ আত্মার অবস্থাই সুষুপ্তি।

অন্নকার্য্যাণাং ষণ্ণাং কোশানাং সমূহোঽন্নময়ঃ কোশ ইত্যুচ্যতে। প্রাণাদিচতুর্দ্দশবায়ুভেদা অন্নময়ে কোশে যদা বর্ত্তন্তে তদা প্রাণময়ঃ কোশ ইত্যুচ্যতে। এতৎ কোশদ্বয়সংযুক্তো মন আদিভিশ্চতুর্ভিঃ করণৈরাত্মা শব্দাদিবিষয়ান্ সঙ্কল্পাদিধর্ম্মান্ যদা করোতি তদা মনোময়ঃ কোশ ইত্যুচ্যতে। এতৎকোশত্রয়সংযুক্তস্তদ্গত-

---

ভাবরহিতং নির্লেপত্বাৎ নৈরন্তর্য্যং স্বার্থে ভাবপ্রত্যয়ঃ ব্যবধায়কবস্তন্তর-রহিতং চৈতন্যং জ্ঞানমাত্রং যদা অবতিষ্ঠতে ইতি শেষঃ তদা তুরী-য়ম্ ॥ ৩ ॥

অন্নেতি ষট্‌কোশা যথা—"অস্থি মজ্জা মেদস্ত্বঙ্‌মাংসশোণিতম্। ষট্-কোশিকমিদং প্রোক্তং সর্ব্বদেহেষু দেহিনাম্।" ইতি। প্রাণাদিচতু-র্দ্দশেতি। প্রাণাপনব্যানোদানসমান-নাগকূর্ম্মকৃকরদেবদত্তধনঞ্জয়া দশ চত্বারোঽন্যে—বৈরম্ভণঃ স্থানমুখ্যঃ প্রদ্যোতঃ প্রাকৃতস্তথা। বৈরম্ভণাদয়-স্তত্র সর্ব্ববায়ুবশঙ্গতাঃ। ইতি। এতে চতুর্দ্দশ বায়বো দেহে যদা কৃতা-স্পদাঃ তদা প্রাণময়ঃ কোশঃ। এতদিতি এতৌ অন্নময়প্রাণময়ৌ কোশৌ তয়োর্দ্বয়ং তেন সংযুক্তঃ আত্মা শব্দাদিবিষয়ান্ শব্দাদয়ঃ পঞ্চ বিষয়া

যখন আত্মা ভাবপদার্থের সাক্ষী, অর্থাৎ সাক্ষাৎ দ্রষ্টা ও স্বয়ং ভাবরহিত এবং ব্যবধায়ক বস্তন্তররহিত হইয়া চৈতন্যরূপে অবস্থান করেন, তখনই তাঁহার তুরীয়াবস্থা হয় ॥ ৩ ॥

ওম্ অকারো দক্ষিণঃ পক্ষ উকারস্তূত্তরঃ স্মৃতঃ।
মকারস্তস্য পুচ্ছং বা অর্দ্ধমাত্রা শিরস্তথা ॥ ১ ॥

নাদবিন্দূপনিষদো-দীপিকা।

প্রণবঃ পঞ্চধাকারোকারমৈর্ব্বিন্দনাদযুক্।
অন্ত্যো নাদস্ততো বর্ণস্ত্রিখণ্ডে নাদবিন্দুনি।

তত্রাদ্যমাত্রাত্রয়ং সার্দ্ধমাত্রহংসাভিধানপক্ষিরূপকেণ তাবদ্বিবিনক্তি ওঁ অকার ইতি। পক্ষঃ পতত্রং যেন পক্ষীত্যুচ্যতে পুচ্ছম্ অন্ত্যত্বাৎ। বৈ প্রসিদ্ধৌ শিরঃ উত্তমাঙ্গম্ উর্দ্ধলোকফলত্বাৎ ॥ ১ ॥

প্রণব অকার, উকার, মকার, বিন্দু ও নাদ এই পঞ্চবর্ণ যুক্ত। এই প্রণবকে হংস নামক পক্ষীরূপে বিবৃত করিতেছেন।—অকার উক্ত পক্ষীর দক্ষিণ পক্ষ, উকার উহার উত্তর পক্ষ, মকার তাঁহার পুচ্ছ এবং অর্দ্ধমাত্র, অর্থাৎ নাদ ও বিন্দু এই বর্ণদ্বয় সেই প্রণবাত্মক হংস পক্ষীর উত্তমাঙ্গ ॥ ১ ॥

পাদৌ রজস্তমস্তস্য শরীরং সত্ত্বমুচ্যতে।
ধর্ম্মশ্চ দক্ষিণং চক্ষুরধর্ম্মশ্চোত্তরং স্মৃতম্ ॥ ২ ॥
ভূর্লোকঃ পাদয়োস্তস্য ভুবর্লোকস্তু জানুনোঃ।
স্বর্লোকঃ কটিদেশে তু নাভিদেশে মহর্জ্জগৎ ॥ ৩ ॥
জনলোকস্তু হৃদয়ে কণ্ঠদেশে তপস্ততঃ।
ভ্রুবোর্ল্ললাটমধ্যে তু সত্যলোকো ব্যবস্থিতঃ ॥ ৪ ॥

রজস্তমঃ পাদৌ অধস্ত্বসামান্যাৎ। সত্ত্বং শরীরং সর্ব্বাধারত্বাৎ ধর্ম্মাধর্ম্মৌ চক্ষুষী গতিহেতুত্বাৎ। ২ ॥

সপ্ত লোকান্ হংসশরীরে বিভজ্য দর্শয়তি ভূর্লোক ইত্যাদিনা। ঔত্তরাধর্য্যসাম্যাৎ ভূরাদীনাং পাদাদ্যাশ্রয়ত্বম্। ভুবো লোক ইতি ভুবশ্চ মহাব্যাহৃতেরিতি সকারস্য উত্বরেফয়োর্ব্বিধানাৎ উত্বপক্ষে উত্বে গুণে চ রূপম্। মহর্জ্জগৎ মহর্লোকঃ। ৩ ॥

ভ্রুবোর্ল্ললাটমধ্যে চ সত্যলোকঃ তুঃ চার্থে। ৪ ॥

রজঃ ও তমঃ এই গুণদ্বয় অধোবর্ত্তী প্রযুক্ত ইহারাই প্রণবের পাদদ্বয়, সর্ব্বাধার হেতু সত্ত্বগুণই ইহার শরীর, আর গতিহেতুপ্রযুক্ত ধর্ম্মাধর্ম্মই উহার চক্ষুঃ স্বরূপ, অর্থাৎ ধর্ম্ম দক্ষিণ চক্ষু এবং অধর্ম্ম বাম চক্ষু। ২।

উক্ত প্রণবাত্মক হংস পক্ষীর শরীরে সপ্তলোকবিভাগ দেখাইতেছেন।—ভূরাদি লোক সকল উত্তরোত্তর ঊর্দ্ধবর্ত্তীপ্রযুক্ত পাদাদির আশ্রিতরূপে বর্ণিত হইয়াছে। ভূর্লোক এই হংস পক্ষীর পাদদ্বয়ে অবস্থিত আছে, ভুবর্লোক, তাঁহার জানুদ্বয়ে, স্বর্লোক কটীদেশে এবং নাভিদেশে মহর্লোক বিদ্যমান আছে ॥ ৩ ॥

উক্ত প্রণব স্বরূপ হংস পক্ষীর হৃদয়ে জনলোক, তাঁহার কণ্ঠদেশে তপোলোক এবং ললাটমধ্যে ভ্রূদ্বয়ের অভ্যন্তরে সত্যলোক বর্ত্তমান আছে ॥ ৪ ।

সহস্রাক্ষমিতি চাত্র মন্ত্র এব প্রদর্শিতঃ।
এবমেনং সমারূঢ়ো হংসং যোগবিচক্ষণঃ॥ ৫ ॥

সহস্রাক্ষমিতি চাত্র মন্ত্র এব প্রদর্শিতঃ। সম্প্রতিরূপেণ স যথা সহস্রাক্ষং বিয়তাবস্য পক্ষৌ হরের্হংসস্য পততঃ স্বর্গং সদেবাসুরস্যুপদধ্য সাক্ষী সম্পশ্যন্ যাতি ভুবনানি বিশ্বা ইতি। স্বশাখায়াং পূর্ব্বকাণ্ডে গতত্বাৎ সম্পূর্ণো নোদাহৃতঃ। অস্যার্থঃ সহস্রমক্ষাণি কিরণাঃ যস্য স সহস্রাক্ষঃ সূর্য্যঃ এক ঋষিঃ স চ মূর্দ্ধাধিষ্ঠানঃ তদুক্তম্ প্রাণাগ্নিহোত্রে। তত্র সূর্য্যোঽগ্নির্নাম সূর্য্যমণ্ডলাকৃতিঃ সহস্ররশ্মিভিঃ পরিবৃত এক ঋষির্ভূত্বা মূর্দ্ধ্নি তিষ্ঠতি ইতি তমর্হতি সহস্রাক্ষং স্বর্গং দ্যুলোকং পততঃ গচ্ছতঃ অস্য হরেঃ বিষ্ণুরূপস্য হংসস্য ওঙ্কাররূপস্য বিয়তৌ পূর্ব্বাপরাবকাশভাগৌ অকারোকাররূপৌ পক্ষৌ পতত্রে জ্ঞাতব্যৌ স ওঙ্কারঃ সর্ব্বান্ দেবান্ সাত্বিকান্ উরসি হৃদয়ে সত্ত্বরূপে উপদধ্য নিধায় বিশ্বানি ভুবনানি সাক্ষাৎ পশ্যন্ যাতি শাশ্বতং ব্রহ্মলোকপর্য্যন্তম্। তদারূঢ় উপাসকোঽপি তদ্যাতীতি ভাবঃ। সমারূঢ়স্তচ্চিন্তনাৎ॥ ৫ ॥

সহস্রাক্ষ ইত্যাদি মন্ত্র প্রদর্শিত আছে, যথা "সহস্রাক্ষং বিয়তা যস্য পক্ষৌ হরেঃ হংসস্য পততঃ স্বর্গং দেবাসুরস্যুপদধ্য সাক্ষী সম্পশ্যন্ অতি ভুবনানি বিশ্বা" এই সম্পূর্ণ মন্ত্র শাখার পূর্ব্বকাণ্ডে প্রদর্শিত হইয়াছে, অতএব এইস্থলে উক্ত মন্ত্র উদাহৃত হয় নাই। উক্ত মন্ত্রের অর্থ এই—সহস্রাক্ষ, অর্থাৎ সহস্র কিরণবিশিষ্ট এক সূর্য্যই ঋষি, ইনি সেই হংসের মূর্দ্ধপ্রদেশে অধিষ্ঠিত আছেন। প্রাণাগ্নিহোত্রোপনিষতে লিখিত আছে যে, সূর্য্যই অগ্নি নামে সূর্য্যমণ্ডলাকৃতি সহস্রকিরণে পরিবৃত হইয়া ঋষিরূপে মূর্দ্ধ, অর্থাৎ মস্তকপ্রদেশে অধিষ্ঠান করিতেছেন। আকাশে গমনশীল বিষ্ণুরূপ হংসের, অর্থাৎ ওঙ্কার রূপের অকার ও উকার ইহারাই উভয় পক্ষ। সেই ওঙ্কার সর্ব্বসাত্তিক দেবগণকে হৃদয়দেশে সত্ত্বরূপে স্থাপন করিয়া সমস্ত ভুবন দর্শন করিতে করিতে নিত্যধাম ব্রহ্মলোক পর্য্যন্ত গমন করে।

ন বধ্যতে কর্ম্মচারী পাপকোটিশতৈরপি।
আগ্নেয়ী প্রথমা মাত্রা বায়ব্যৈষা বশানুগা ॥ ৬ ॥
ভানুমণ্ডলসঙ্কাশা ভবেন্মাত্রা তথোত্তরা।
পরমা চার্দ্ধমাত্রা চ বারুণীং তাং বিদুর্বুধাঃ ॥ ৭ ॥
কলাত্রয়াননা বাপি তাসাং মাত্রা প্রতিষ্ঠিতা।
এষ ওঙ্কার আখ্যাতো ধারণাভির্নিবোধত ॥ ৮ ॥

ওঙ্কারস্য হংসরূপেণোপাসনাং ফলঞ্চোক্ত্বা চতসৃণাং মাত্রাণাং দেবতা মাহ আগ্নেয়ীতি। এষা মধ্যমা মধ্যবৃত্তিত্বাদুভয়োঃ বশানুগা বশবর্ত্তিনী উত্তরা মকারাখ্যা ভানুমণ্ডলসঙ্কাশা অর্থাৎ ভানুদেবত্যা অর্দ্ধমাত্রা চতুর্থী ॥ ৬-৭ ॥

ইদানীং চতসৃণামুদাত্তাদিভেদেন লক্ষণং প্রত্যেকং তিস্রস্তিস্রো মাত্রা দর্শয়িতুমাহ কলাত্রয়াননা বেতি। বা শব্দশ্চার্থে তাসাং চতসৃণাং

যে বিচক্ষণ যোগীরা উক্ত হংসে আরোহণ করিতে পারে, অর্থাৎ চিন্তা করিতে থাকে, তাহারাও সেই ব্রহ্মলোকে গমন করিতে সমর্থ হয় ॥ ৫ ॥

পূর্ব্বোক্ত হংসারূঢ় ব্যক্তি, অর্থাৎ যিনি নিয়ত হংসরূপী ওঙ্কারের চিন্তা করেন, তিনি শতকোটি পাপেও আবদ্ধ হয়েন না, এই প্রকারে হংসরূপে ওঙ্কারের উপাসনা করিবে। ওঙ্কারের পূর্ব্বোক্ত মাত্রা চতুষ্টয়ের দেবতা জানিয়া উপাসনা কর্ত্তব্য। ওঙ্কারের প্রথম মাত্রা অকারের দেবতা বায়ু এবং দ্বিতীয় মাত্রা উকারের দেবতা অগ্নি। এই দ্বিতীয় মাত্রা মধ্যবর্ত্তীপ্রযুক্ত উহা পূর্ব্ব ও পরমাত্রাদ্বয়ের বশবর্ত্তী। উত্তর মাত্রা মকার ভানুমণ্ডলের ন্যায় দীপ্তিশালী, অর্থাৎ সূর্য্যই উক্ত তৃতীয় মাত্রা মকারের দেবতা। আর এই ওঙ্কারের যে অর্দ্ধমাত্রা, তাহাই চতুর্থী মাত্রা জানিবে। অর্দ্ধমাত্রাকে পরমামাত্রা বলিয়া পণ্ডিতগণ কীর্ত্তন করেন ॥ ৬-৭ ॥

এইক্ষণ ওঙ্কারের পূর্ব্বোক্ত মাত্রা চতুষ্টয়ের উদাত্তাদি ভেদে লক্ষণ এবং প্রত্যেকের তিন তিন মাত্রা প্রদর্শন করিতেছেন।—পূর্ব্বোক্ত চারি-

ঘোষিণী প্রথমা মাত্রা বিদ্যুন্মালা তথাপরা।
পতঙ্গী চ তৃতীয়া স্যাচ্চতুর্থী বায়ুবেগিনী ॥ ৯ ॥
পঞ্চমী নামধেয়া চ ষষ্ঠী চৈন্দ্রী বিধীয়তে।
সপ্তমী বৈষ্ণবী নাম শঙ্করী চ তথাষ্টমী ॥ ১০ ॥

মাত্রাণাং মধ্যে একৈকা মাত্রা কলাত্রয়াননা চ প্রতিষ্ঠিতা নিশ্চিতা কলাত্রয়েণ মাত্রাত্রয়েণ আননম্ প্রাণনং যস্যাঃ সা মাত্রাত্রয়শরীরা ইত্যর্থঃ। এষঃ ইত্যুপসংহারঃ। ইদানীং দ্বাদশানাং কলানাং মধ্যে স্থানতো নামতশ্চিন্তারূপাং ধারণাং দর্শয়তি ধারণাভিরিতি ॥ ৮ ॥

ঘোষঃ প্রজ্ঞা তৎফলা ঘোষিণী বিদ্যুন্মালী যক্ষরাজঃ তল্লোকপ্রদা বিদ্যুন্মালী পতঙ্গী পক্ষিণী আকাশগতিপ্রদত্বাৎ বায়ুবেগিনী শীঘ্রগতিপ্রদা ॥ ৯ ॥

নামধেয়া পিতৃলোকপ্রদত্বাৎ পিতরো হি নামভিরিজ্যন্তে যন্নাম্না পাত·

মাত্রার মধ্যে এক এক মাত্রাই কলাত্রয়াননা বলিয়া প্রতিষ্ঠিত আছে, অর্থাৎ উহাদিগের মধ্যে প্রত্যেক মাত্রা ত্রিমাত্রান্বিত জানিবে। এইরূপে ওঙ্কার ব্যাখ্যাত হইয়াছে। অতএব ওঙ্করের দ্বাদশ মাত্রা জানা যায়। চিন্তা দ্বারাই এই দ্বাদশ মাত্রা জানিতে হইবে। নাম ও স্থানভেদেই উক্ত দ্বাদশ মাত্রার নাম হইয়াছে। তাহা পরশ্রুতিতে বিবৃত হইবে ॥ ৮ ॥

এইক্ষণ পূর্ব্বোক্ত দ্বাদশমাত্রার নাম ও স্বরূপ বিবৃত হইতেছে।— প্রথম মাত্রার নাম ঘোষিণী, এই মাত্রা ঘোষ. অর্থাৎ প্রজ্ঞাপ্রদায়িনী। দ্বিতীয় মাত্রার নাম বিদ্যুন্মালা, এই মাত্রাই যক্ষরাজত্ব এবং তল্লোকপ্রদায়িনী। তৃতীয় মাত্রার নাম পতঙ্গী, অর্থাৎ পক্ষিণী, এই মাত্রা আকাশগতি প্রদান করে। চতুর্থী মাত্রা বায়ুবেগিনী, এই মাত্রা শীঘ্রগতি প্রদান করিয়া থাকে। ৯।

পঞ্চমী মাত্রা পিতৃলোক প্রদান করে; অতএব ঐ মাত্রার নাম নামধেয়া। যেহেতু নামোল্লেখপূর্ব্বক পিতৃযজ্ঞ করিতে হয়। শাস্ত্রান্তরে কথিত

নবমী মহতী নাম ধ্রুবেতি দশমী মতা।
একাদশী ভবেন্মৌনী ব্রাহ্মীতি দ্বাদশী মতা॥ ১১॥
প্রথমায়ান্তু মাত্রায়াং যদি প্রাণৈর্ব্বিযুজ্যতে।
স রাজা ভারতে বর্ষে সার্ব্বভৌমঃ প্রজায়তে॥ ১২॥

য়েৎ পিণ্ডং তং নয়েৎ ব্রহ্ম শাশ্বতম্ ইত্যুক্তেঃ। ঐন্দ্রীং ইন্দ্রসাযুজ্যপ্রদত্বাৎ বৈষ্ণবী বিষ্ণুলোকপ্রদত্বাৎ শাঙ্করী শিবলোকপ্রদত্বাৎ॥ ১০॥

মহতী মর্হলোকপ্রদত্বাৎ ধ্রুবা ধ্রুবলোকপ্রদত্বাৎ মৌনী মুনীনাং লোকং তপোলোকং প্রদদাতি তেন ব্রাহ্মী ব্রহ্মলোকং গময়তি তেন ততঃ পরন্তু ফলং নাদান্তে ন লভ্যতে। ১১।

ইদানীং তত্তদ্ধারণাসু স্থিতান্তঃকরণস্য প্রাণবিয়োগে ফলবিশেষং নামভিঃ সূচিতুমাহ প্রথমায়ামিত্যাদিনা। ১২॥

আছে যে, যাহার নামে পিণ্ডপাত করা যায়, তাহার ব্রহ্মলোকপ্রাপ্তি হইয়া থাকে। ষষ্ঠীমাত্রার নাম ঐন্দ্রী, এই মাত্রা ইন্দ্রসাযুজ্যপ্রদান করে। সপ্তমী মাত্রাকে বৈষ্ণবী বলা যায়, এই মাত্রা বিষ্ণুলোক প্রদান করিয়া থাকে। অষ্টমী মাত্রার নাম শাঙ্করী, এই মাত্রা সাধককে শিবলোক প্রদান করে॥ ১০॥

নবমী মাত্রাকে মহতী বলে, এই মাত্রা মহর্লোক প্রদান করিয়া থাকে। দশমী মাত্রার নাম ধ্রুবা, এই মাত্রা সাধককে ধ্রুবলোকে লইয়া যায়। একাদশী মাত্রার নাম মৌনী, এই মাত্রা মুনিলোক, অর্থাৎ তপোলোক প্রদান করিয়া থাকে। দ্বাদশী মাত্রাকে ব্রাহ্মী বলা যায়, এই মাত্রা সাধককে ব্রহ্মলোকে লইয়া যায়। এইরূপে ওঙ্কারের মাত্রা জানিয়া উপাসনা করিলে উক্ত মাত্রা সকলের নামানুসারে সেই সেই লোকে গমন করিতে পারে॥ ১১।

এইক্ষণ পূর্ব্বোক্ত মাত্রা, অর্থাৎ ধারণাসমূহে অন্তঃকরণ স্থাপন করিয়া প্রাণবিয়োগ হইলে স্বস্ব নামানুসারে যে যে ফলবিশেষ হয়, তাহাই

দ্বিতীয়ায়াং সমুৎক্রান্তো ভবেদ্যক্ষো মহাত্মবান্।
বিদ্যাধরস্তৃতীয়ায়াং গন্ধর্ব্বস্তু চতুর্থিকাম্॥ ১৩॥
পঞ্চম্যামথ মাত্রায়াং যদি প্রাণৈর্ব্বিযুজ্যতে।
ওষিতঃ সহদেবত্বং সোমলোকে মহীয়তে॥ ১৪॥
ষষ্ট্যামিন্দ্রস্য সাযুজ্যং সপ্তম্যাং বৈষ্ণবং পদম্।
অষ্টম্যাং ব্রজতে রুদ্রং পশূনাঞ্চ পতিস্তথা॥ ১৫॥
নবম্যাঞ্চ মহর্লোকং দশম্যাঞ্চ ধ্রুবং ব্রজেৎ।

বলিতেছেন।—প্রথম মাত্রা হৃদয়স্থিত হইলে যদি সাধকের মরণ হয়, তাহাহইলে সেই ব্যক্তি পরজন্মে ভারতবর্ষের সার্ব্বভৌম রাজা হয়॥ ১২॥

দ্বিতীয়া মাত্রা হৃদয়স্থিত হইলে যে সাধকের মৃত্যু হয়, সেই সাধক পরকালে মহাত্মা যক্ষরাজ হইয়া জন্মগ্রহণ করে। যে ব্যক্তির মরণকালে তৃতীয় মাত্রা হৃদয়স্থিত থাকে, সেই ব্যক্তি মরণের পর বিদ্যাধর কুলে উৎপন্ন হয়। আর চতুর্থ মাত্রাতে যাহার অন্তঃকরণ নিরত থাকে, তাহার মরণের পর গন্ধর্ব্বলোকে উৎপত্তি হয়॥ ১৩॥

পঞ্চমী মাত্রাতে অন্তঃকরণ নিরত থাকিলে যাহার প্রাণবিয়োগ হয়, সেই ব্যক্তি দেবগণের সহিত বাস করিয়া পরকালে সোমলোকে জন্মগ্রহণ করিয়া থাকে॥ ১৪।

ষষ্ঠী মাত্রা হৃদয়স্থিত হইলে যাহার মৃত্যু হয়, সেই ব্যক্তির ইন্দ্রসাযুজ্য হইয়া থাকে। সপ্তমী মাত্রাতে অন্তঃকরণ অবস্থিত হইলে যদি কাহারও মরণ হয়, তাহাহইলে সেই ব্যক্তি বৈষ্ণবপদ পাইয়া থাকে। অষ্টমী মাত্রা হৃদয়স্থিত হইলে যাহার প্রাণবিয়োগ হয়, তাহার পরকালে শিবলোক প্রাপ্তি হয় এবং সেই ব্যক্তি পশুপতি হইতে পারে। ১৫॥

নবমী মাত্রাতে অন্তঃকরণ নিরত থাকিলে যদি কোন ব্যক্তির মরণ হয়, তাহাহইলে সেই ব্যক্তির মহর্লোক প্রাপ্তি হইয়া থাকে। আর দশমী মাত্রাতে চিত্তস্থাপন করিয়া প্রাণত্যাগ করিলে সেই ব্যক্তি ধ্রুবলোকে গমন করিতে পারে। একাদশী মাত্রা হৃদয়স্থিত হইলে যদি

একাদশ্যাং তপোলোকং দ্বাদশ্যাং ব্রহ্ম শাশ্বতম্ ॥ ১৬ ॥
ততঃ পরতরং শুদ্ধং ব্যাপকং নিষ্কলং শিবম্।
সদোদিতং পরং ব্রহ্ম জ্যোতিষামুদয়ো যতঃ ॥ ১৭ ॥

চতুর্থিকাং প্রাপ্য সমুৎক্রান্ত ইত্যন্বয়ঃ। দেবত্বং প্রাপ্য সহ দেবৈঃ ওষিতঃ আ উষিতঃ সন্ ব্রহ্মলোকং শাশ্বতং ব্রহ্মায়ুঃপরিমিতম্ ॥ ১৩-১৬ ॥

পঞ্চমাক্ষরস্য নাদান্তস্য বিন্দুনামকস্য ফলমাহ তত ইতি। ততঃ পরতরং পরং ব্রহ্ম ইত্যন্বয়ঃ জ্ঞেয়মিতি শেষঃ। পূর্ব্বোক্তং ফলং পরং তস্মাদিদমুৎকৃষ্যতে ইতি পরতরং নিষ্কলং কলা দ্বাদশমাত্রাঃ তদ্বিষয়াতিগং নিষ্কলং যদ্বা কলাঃ ষোড়শ ষষ্ঠপ্রশ্নোক্তাঃ তদ্রহিতম্ যতো জ্যোতিষাং মন আদীনাং চক্ষুরাদীনাঞ্চ উদয়ঃ তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি ইতি শ্রুতেঃ। কথমিদং লভ্যতে? যদা তদেতদ্ধাবণা ভবতি কিং নাদধারণয়া ফলং? মনোলয় এব তদুক্তম্। "কাষ্ঠে প্রবর্ত্তিতো বহ্নিঃ কাষ্ঠেন সহ শাম্যতি। নাদে প্রবর্ত্তিতং চিত্তং নাদেন সহ লীয়তে ॥" ইতি ॥ ১৭ ॥

কোন ব্যক্তির প্রাণ বিয়োগ হয়, তাহাহইলে সেই ব্যক্তি তপোলোকে গমন করে এবং দ্বাদশী মাত্রাতে চিত্ত সমর্পণ করিয়া প্রাণবিসর্জ্জন করিলে সেই ব্যক্তি মরণান্তে শাশ্বত ব্রহ্মপদ প্রাপ্ত হয় ॥ ১৬ ॥

এইক্ষণ বিন্দুনামক নাদান্ত ওঙ্কারের পঞ্চমাক্ষরের ফল বলিতেছেন।—পূর্ব্বোক্ত দ্বাদশ মাত্রা অতিক্রম করিয়া অন্তনাদাক্ষরে চিত্ত স্থাপন করিলে পরাৎপর ব্রহ্মবিজ্ঞান হয়। এই ব্রহ্ম শুদ্ধ এবং সর্ব্বব্যাপক। ইনি নিষ্কল, অর্থাৎ দ্বাদশমাত্রারহিত। এই ব্রহ্ম হইতেই চক্ষুরাদি ও সূর্য্যাদি জ্যোতিষ্কগণ উদয় হইতেছে। শ্রুতিতে লিখিত আছে যে, ব্রহ্মতেজেই সর্ব্ব পদার্থ প্রকাশ পাইয়া থাকে। পূর্ব্বোক্ত ধারণা সকলের নানাবিধ ফল উক্ত হইয়াছে। পরন্তু মনোলয়ই নাদধারণার ফল জানিবে। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, যেমন অগ্নি কাষ্ঠেতে উৎপন্ন হইয়া কাষ্ঠের সহিত শান্ত হয়, সেইরূপ চিত্ত নাদে প্রবর্ত্তিত হইয়া নাদের সহিত লয় পাইয়া থাকে ॥ ১৭ ॥

অতীন্দ্রিয়ং গুণাতীতং মনো লীনং যদা ভবেৎ।
অনৌপম্যমভাবঞ্চ যোগযুক্তং তদাদিশেৎ ॥ ১৮ ॥
তদ্ভক্তস্তৎসমাসক্তঃ শনৈর্ম্মুঞ্চেৎ কলেবরম্।
সুস্থিতো যোগচারেণ সর্ব্বসঙ্গবিবর্জ্জিতঃ ॥ ১৯ ॥

দ্বাদশান্তে তদেবাহ মনো লীনমিতি। নন্থ মনোলয়ে মাধ্যমিকবচ্ছূন্য-মেব তত্ত্বং ফলং স্যাদিত্যত আহ আদিশেদিতি। যদা মনো লীনং ভবেত্তদা আদিশেৎ উপদিশেৎ গুরুঃ তদৈব হি পরমোঽধিকারঃ ন তু মনাগপি বিষয়াভিলাষে সতি মুখ্যোঽধিকারঃ। অথবা তদাদিশেৎ লব্ধমিতি কথ-য়েৎ মধ্যস্থঃ মধ্যে মনোবিশেষণানি। উপমৈব ঔপম্যম্ স্বার্থে ষ্যণ ন ঔপম্যং যস্য মনসঃ অনৌপম্যম্ ন ভাবয়তি চিন্তয়তি ইত্যভাবম্ জীবপর-মাত্মনোরৈক্যং যোগঃ তদ্‌যুক্তম্ অথবা যোগঃ চিত্তবৃত্তিনিরোধঃ তদ্‌যুক্তম্ অথবা যোগযুক্তস্য মনসঃ কিং লক্ষণম্। অত আহ মন ইতি যদা মনো লীনং ভবেৎ তথা অনৌপম্যমভাবং ভবেৎ তদা যোগযুক্তম্ প্রাপ্তযোগ-মিতি আদিশেৎ কথয়েদিত্যর্থঃ ॥ ১৮ ॥

তস্মিন্ ভক্তির্যস্য স তদ্ভক্তঃ। ভক্ত্যা লভ্যস্ত্বনন্যথা ইত্যুক্তত্বাৎ। তস্মিন্ মনো যস্য তন্মনাঃ অসক্তঃ বিষয়েষু ছান্দসঃ সন্ধিঃ অথবা তন্মনাঃ সক্তঃ

যখন মনোলয় হয়, তখনই গুরু উপদেশ করিবেন। মনোলয় হই-লেই তাহার আত্মোপদেশে অধিকার জন্মে, পরন্তু যাবৎ মন বিষয়ে আশক্ত থাকে, তাবৎ তাহার আত্মতত্ত্বোপদেশ গ্রহণে অধিকার হয় না। অতীন্দ্রিয় গুণাতীত মনোলয় হইলেই যোগমুক্ত অনৌপম্য ভাবের উপ দেশ কর্ত্তব্য। জীব ও পরমাত্মার ঐক্যই যোগ, অথবা চিত্তবৃত্তি নিরো-ধই যোগ, মন এইরূপ যোগযুক্ত হইলেই তাহার অনৌপম্যভাব উপ-স্থিত হইয়া থাকে। অথবা মনের অনৌপম্যভাব হইলে তাহাকে যোগ-যুক্ত বলা যায় ॥ ১৮ ॥

পরমাত্মাতে যাহার ভক্তি আছে, তাহাকেই তদ্ভক্ত বলা যায়, শাস্ত্রা-ন্তরে উক্ত আছে যে, পরমাত্মা কেবল ভক্তিলভ্য, তদ্ভিন্ন অন্য উপায়ে

ততো বিলীনপাশোঽসৌ বিমলঃ কেবলঃ প্রভুঃ।
তেনৈব ব্রহ্মভাবেন পরমানন্দমশ্নুতে।
পরমানন্দমশ্নুতে ॥ ২০ ॥

ইতি ঋগ্বেদগতা নাদবিন্দূপনিষৎ সমাপ্তা ॥

ইতি পঠনীয়ম্ সক্তঃ আসক্তস্তত্রৈব। যোগচারেণ যোগমার্গেণ সুস্থিতঃ সুস্থোভূতঃ। ১৯ ॥

পাশাঃ কর্ম্মাণি কেবলঃ প্রভুঃ জীবভাবরহিতঃ। দ্বিরুক্তিঃ সমাপ্ত্যর্থা। অত্র প্রণবস্য নাদবিন্দোর্নিরূপণাদকারাদিত্রয়ে সত্যপি প্রাধান্যান্নাদবিন্দূষৎ সংজ্ঞা ॥ ২০ ।

নারায়ণেন রচিতা শ্রুতিমাত্রোপজীবিনা।
অস্পষ্টপদবাক্যানাং দীপিকা নাদবিন্দুকে ॥

ইতি নাদবিন্দূপনিষদ্দীপিকা সম্পূর্ণা ॥

তাঁহাকে লাভ করা যায় না। তাহাতে যাহার মন সমাশক্ত আছে, তাহাকে তৎসমাসক্ত বলিয়া থাকে, উক্তরূপ ব্যক্তি সর্ব্বসঙ্গবিহীন ও যোগাচারে সুস্থিত হইয়া ক্রমে ক্রমে কলেবর পরিত্যাগ করিবে, যোগরত ব্যক্তি স্বইচ্ছায় কলেবর পরিত্যাগ করিতে পারে। ইহাই যোগাচরণের ফল জানিবে ॥ ১৯ ॥

উক্তরূপে যোগাচারদ্বারা দেহ বিসর্জ্জন করিলেই সেই ব্যক্তির সংসারপাশ বিমোচন হয় এবং তখন তাহার কেবল প্রভুভাব উপস্থিত হইয়া থাকে, অর্থাৎ জীবভাব পরিত্যাগ হইয়া যায়। তখন সেই ব্যক্তি বিমল, অর্থাৎ সর্ব্বপ্রকার পাপবিহীন হইতে পারে। এইরূপ ব্রহ্মভাব উপস্থিত হইলেই তাহার পরমপদপ্রাপ্তি হইয়া থাকে এবং সর্ব্বদা পরমানন্দ ভোগ হয়। উপনিষৎ সমাপ্তিকালে শেষবাক্য বারদ্বয় উচ্চারণ করিতে হয়, এই নিমিত্ত "পরমানন্দমশ্নুতে" এই বাক্যের দ্বিরুক্তি হইয়াছে ॥ ২০ ॥

ইতি ঋগ্বেদীয় নাদবিন্দু উপনিষৎ সমাপ্ত।

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

অথর্ব্ববেদীয়-

শ্রীরামোপনিষৎ।

(শ্রুতি, দীপিকা ও বঙ্গানুবাদ-সমেত।)

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী-সভা হইতে

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সান্দ্রানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে

চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"

"পঞ্চদশী" এবং ষড়্দর্শনাদিশাস্ত্র-প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক

সঙ্কলিত ও প্রকাশিত।

(সভার কার্য্যালয়; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।)

কলিকাতা।

বাগবাজার, রাজা রাজবল্লভ ষ্ট্রীট্ ৮৪ নং, নব-সারস্বত যন্ত্রে
শ্রীনবকুমার বসু দ্বারা মুদ্রিত।

শকাব্দাঃ ১৮০৯, চৈত্র।

॥ ওঁ তৎ সৎ ওঁ ॥

অথর্ব্ববেদীয়-

শ্রীরামোপনিষৎ।

প্রথমঃ খণ্ডঃ।

॥ ওঁ ॥ নমঃ পরমাত্মনে ॥ ওঁ হরিঃ ওঁ ॥

ওঁ ॥ সনকাদয়ো যোগীন্দ্রা অন্যে চ ঋষয়স্তথা।
প্রহ্লাদাদ্যা বিষ্ণুভক্তা হনূমন্তমিদং ব্রুবন্ ॥ ১ ॥
বায়ুপুত্র মহাবাহো কিং তত্ত্বং ব্রহ্মবাদিনাম্।
পুরাণেম্বষ্টাদশস্থ স্মৃতিম্বষ্টাদশস্বপি ॥ ২ ॥

শ্রীরামোপনিষদোদীপিকা।

পূর্ব্বতাপনীয়ে সাঙ্গস্তারকো বর্ণিতঃ। উত্তরতাপনীয়ে প্রণবস্থাপি তারকত্বমুক্তম্ রামস্থ পরব্রহ্মণঃ প্রণববীজাভ্যাঞ্চ বাচ্যত্বমুক্তম্। ইদমিদানীং সন্দিহ্যতে কিং বিঘ্নরাজাদয়ঃ পঞ্চাপি তুল্যসামর্থ্যা এব আহোস্বিদন্যতরস্মিন্ বিশেষোঽস্তি কিং শ্রেষ্ঠং নাম অথ কে চ রামস্যাঙ্গমন্ত্রাঃ তথা

পূর্ব্বতাপনীয়ে সাঙ্গ তারকব্রহ্ম বর্ণিত হইয়াছেন এবং উত্তর তাপনীয়ে প্রণবের তারকব্রহ্মত্ব কথিত হইয়াছে। আর ইহাও কথিত হইয়াছে যে, পরব্রহ্মস্বরূপ রামই প্রণবেরবাচ্য, এক্ষণ সনকাদিঋষিগণের সন্দেহ হইতেছে যে, বিঘ্ননাশন প্রভৃতি পঞ্চদেবতাই কি তুল্য সামার্থ্যশালী? অথবা ইহাদিগের মধ্যে ইতরবিশেষ আছে? বিঘ্নরাজ প্রভৃতি দেবতাদিগের মধ্যে শ্রেষ্ঠ কে? রামের অঙ্গমন্ত্র কি? প্রণবমন্ত্রে গৃহস্থ ব্রাহ্মণদিগের অধিকার

চতুর্ব্বেদেষু শাস্ত্রেষু সর্ব্বাধ্যাত্ম-বিদ্যাসু চ।
সর্ব্বেষু বিষ্ণ্বভিধানেষু বিঘ্ন-সূর্য্যেশ-শক্তিষু।
এতেষু মধ্যে কিং তত্ত্বং কথয় ত্বং মহাবল ॥ ৩ ॥

প্রণবে গৃহস্থ-ব্রাহ্মণানামধিকারোঽস্তি উত যতীনামেবেতি। অধিকার-পক্ষে কিয়াংশ্চ প্রণবো জপ্যঃ কিয়াংশ্চ ষড়ক্ষরঃ ইতি। বিভীষণকৃতা রামস্তুতিশ্চ কিমিত্যপ্রসিদ্ধা কিয়তা চ পুরশ্চরণেন পরম-পুরুষার্থসিদ্ধিঃ কে চ পুরশ্চরণানুকল্পাঃ ইতি। তদর্থং রামোপনিষদারভ্যতে ওঁ সনকা· দয় ইতি। অত্র অনুষ্টুপ্‌ছন্দঃ। অন্যে চ নারদাদয়ঃ ব্রুবন্ অব্রুবন্, বহুলং ছন্দসীত্যমাঙ্‌যোগেঽপ্যড্‌ভাবঃ। ব্রহ্মবাদিনামভিমতমিতি শেষঃ। পুরাণাদিষু প্রতিপাদ্যং কিং তত্ত্বং সর্ব্বেষু বিষ্ণোঃ অভিধানেষু নামসু মধ্যে কিং তত্ত্বং শ্রেষ্ঠং নাম। বিঘ্নঃ গণেশ্বরঃ সূর্য্যঃ আদিত্যঃ ইশঃ রুদ্রঃ শক্তিঃ চণ্ডী প্রকৃতত্বাৎ বিষ্ণুশ্চ এতেষু মধ্যে কিং তত্ত্বং পরম দৈবতম্ ॥ ১৩ ॥

আছে কি না? কিম্বা ঐ প্রণবমন্ত্রে কেবল যতিদিগেরই অধিকার? অধি· কারী স্থিরীকৃত হইলেও কতসংখ্যক প্রণবমন্ত্র জপ করিবে, আর ষড়ক্ষর মন্ত্রই বা কি? এবং বিভীষণ যে রামের স্তব করিয়াছিলেন, তাহাই বা কিরূপ? কতসংখ্যক পুরশ্চরণদ্বারা পরমপুরুষার্থ সিদ্ধি হয় এবং পুরশ্চরণের অনুকল্প কি হইতে পারে? ইত্যাদি সন্দেহ নিরাসার্থা রামোপনিষদের আরম্ভ হইল। একদা সনকাদি·যোগীন্দ্র, অন্যান্য ঋষিপ্রবর এবং প্রহ্লাদাদি বিষ্ণু ভক্তিপরায়ণ মহাত্মাগণ সমবেত হইয়া স্ব স্ব সন্দেহ নিরাসার্থ হনুমান্‌কে জিজ্ঞাসা করিয়াছিলেন, হে পবননন্দন! ব্রহ্মবাদিদিগের অভিমত পরম তত্ত্ব কি? মহাবাহো! অষ্টাদশ পুরাণে, অষ্টাদশ স্মৃতিতে, বেদ চতুষ্টয়ে, অন্যান্য শাস্ত্রসমূহে, সর্ব্বপ্রকার অধ্যাত্মবিদ্যাতে, সর্ব্ববিধ বিষ্ণুনামমধ্যে পরমতত্ত্ব কি? এবং বিঘ্নেশ্বর, সূর্য্য, ঈশান, শক্তি প্রভৃতি বহুবিধ তুল্য সামার্থ্যশালী দেবগণ উক্ত আছেন। হে মহাবল! ইহাদিগের মধ্যে পরম তত্ত্ব কি? তাহা আমাদিগের নিকট প্রকাশ করিয়া বল ॥ ১-৩ ॥

ভো ভো যোগীন্দ্রা ঋষয়ো বিষ্ণুভক্তাস্তথৈব চ।
শৃণুত মামকীং বাচং ভববন্ধ-বিনাশিনীম্॥ ৪॥
এতেষু চৈব সর্ব্বেষু তত্ত্বঞ্চ ব্রহ্ম তারকম্।
রাম এব পরং ব্রহ্ম রাম এব পরং তপঃ।
রাম এব পরং তত্ত্বং শ্রীরামো ব্রহ্ম তারকম্॥ ৫॥

বায়ুপুত্রেণোক্তা যোগীন্দ্রা ঋষয়ো বিষ্ণুভক্তাঃ পুনঃ পপ্রচ্ছুর্হনূমন্তং রামস্যাঙ্গান্ নো ব্রূহি হনূমন্। স

ভো ভো ইত্যাদরে বীপ্সা। এতেষু শাস্ত্রেষু তত্ত্বং প্রতিপাদ্যং, দেবেষু তত্ত্বং পরমদৈবতং নামসু তত্ত্বং সর্ব্বাধিকফলং ব্রহ্ম তারকং, রাম এব শ্রীরাম এব তারকং ব্রহ্ম॥ ৪-৫॥

রামমন্ত্রং জপতা কে চাঙ্গমন্ত্রা জপ্তব্যাঃ ইতি তৃতীয়ং সন্দেহং পৃচ্ছন্তি, বায়ুপুত্রেণোক্তা ইতি। অঙ্গান্ অঙ্গস্থানীয়ান্ মন্ত্রান্ দেবাংশ্চ ব্রূহি হে হনূমন্। বাণী সরস্বতী বিঘ্নাদয়ো বারাহান্তা দশাঙ্গদেবতাঃ অঙ্গাংশ্চ

হনূমান্ সনকাদির বাক্য শ্রবণ করিয়া কহিতে লাগিলেন, হে যোগীন্দ্রগণ ঋষিগণ বিষ্ণুভক্তগণ! আমার বাক্য শ্রবণ করুন। আমার বাক্য শ্রবণ করিয়া এই বাক্যের মর্ম্মগ্রহণ করিলে আপনাদিগের ভববন্ধন বিনাশ পাইবে। ৪॥

আপনারা যে সকল শাস্ত্র, পুরাণ, অধ্যাত্মবিদ্যা ও দেবগণের নাম কীর্ত্তন করিলেন ইহাদিগের মধ্যে রামই পরমতত্ত্ব এবং তারকব্রহ্ম। রামই পরব্রহ্ম, রামই পরম তপস্যা, রামই পরমতত্ত্ব এবং শ্রীরামই তারকব্রহ্ম। ৫॥

হনূমান্ পূর্ব্বোক্তপ্রকারে তত্ত্বোপদেশ করিলে সনকাদি যোগীন্দ্র, অন্যান্য ঋষিগণ ও প্রহ্লাদাদি বিষ্ণুভক্তিপরায়ণ মহাত্মাদিগের সন্দেহ উপস্থিত হইল যে, রামমন্ত্রজপ করিয়া কি কি অঙ্গমন্ত্র জপ করিতে হইবে। এই সন্দেহ নিরাসার্থ সকলে সমবেত হইয়া পুনর্ব্বার হনূমানকে জিজ্ঞাসা করিলেন, হনূমন্! রামের অঙ্গমন্ত্র আমাদিগের নিকট প্রকাশ কর।

হোবাচ বায়ুপুত্রঃ বিঘ্নং বাণীং দুর্গাং ক্ষেত্রপালং সূর্য্যং চন্দ্রং নারায়ণং নারসিংহং বাসুদেবং বারাহম্ অন্যাংশ্চ কাংশ্চিৎ সর্ব্বান্ মন্ত্রান্ শ্রীসীতাং লক্ষ্মণং হনূমন্তং শত্রুঘ্নং বিভীষণং সুগ্রীবম্ অঙ্গদং জাম্ববন্তং ভরতং এতান্ রাম-স্যাঙ্গান্ জানীয়াৎ। অঙ্গান্ বিনা রামো বিঘ্নকরো ভবতি॥৬॥

পুনর্ব্বায়ুপুত্রেণোক্তাস্তে হনূমন্তং পপ্রচ্ছুঃ। আঞ্জনেয়

কাংশ্চিৎ বশিষ্ঠবামদেবাদীন্ অন্যেষামপ্রাধান্য-সূচনায় সামান্যশব্দ-প্রয়োগঃ। শ্রীবীজ-পূর্ব্বিকাং সীতাং, সীতাশব্দং চতুর্থ্যন্তং স্বাহান্তং সীতা-দয়ঃ প্রণবান্তা দশ এতান্ রামস্য অঙ্গান্ অঙ্গমন্ত্রান্ জানীত। এষাং প্রণবাদি বিন্দ্বন্তমাদ্যক্ষরং বীজং, চতুর্থ্যন্তং নাম মন্ত্রঃ। তদুক্তং ডামরে। "ওঙ্কার-বিন্দু মধ্যস্থং নামধেয়াদ্যমক্ষরম্। দেবতানাং স্ববীজং তৎ পূজায়া-মৃদ্ধি সিদ্ধিদম্" ইতি। এতন্মন্ত্রোল্লঙ্ঘনে বাধকমাহ অঙ্গান্ বিনেতি। বিঘ্নকারিত্বে জপ পূজনাদিকমেব ন সিধ্যতি॥ ৬॥

চতুর্থং সংশয়ং পৃচ্ছন্তি আঞ্জনেয়েতি। অঞ্জনায়া অপত্যম্ আঞ্জনেয়ঃ,

---

বায়ুনন্দ হনুমান্ ঋষিদিগের বাক্য শ্রবণ করিয়া কহিতে লাগিলেন; বিঘ্নরাজ, বাণী, দুর্গা, ক্ষেত্রপাল, সূর্য্য, চন্দ্র, নারায়ণ, নরসিংহ, বাসুদেব, বরাহ, সীতা, লক্ষ্মণ, হনূমান, শত্রুঘ্ন, বিভীষণ, সুগ্রীব, অঙ্গদ, জাম্ববান ও ভরত ইহারাই রামের প্রধান অঙ্গদেবতা এবং বশিষ্ঠ, বামদেবাদিকেও রামের অঙ্গদেবতা বলিয়া জানিবে। উক্ত দেবতা সকলের চতুর্থ্যন্ত নামের আদিতে প্রণব এবং বিন্দুযুক্ত নামের আদ্যক্ষর যোগ করিলেই অঙ্গমন্ত্র হইবে,অর্থাৎ "ওঁ বং বিঘ্নায়" ইত্যাদি মন্ত্রকে উক্ত অঙ্গদেবতাদিগের মন্ত্র বলিয়া জানিবে। অঙ্গমন্ত্র জপ ও অঙ্গদেবতার পূজা ব্যতিরেকে কেবল রামমন্ত্রজপ ও রামের অর্চ্চনা করিলে সেইজপ ও অর্চ্চনা বিঘ্নকর হইয়া উঠে॥ ৬॥

বায়ুনন্দন হনুমান্ ঋষিদিগের নিকট রামের অঙ্গদেবতা ও অঙ্গম[illegible] কীর্ত্তন করিলে, ঋষিগণ পুনর্ব্বার হনুমান্‌কে জিজ্ঞাসা করিলেন। মহাব[illegible]

মহাবল বিপ্রাণাং গৃহস্থানাং প্রণবাধিকারঃ কথং স্যাৎ ইতি ॥ ৭ ॥

পুনরুবাচ হনুমান্।

অযোধ্যানগরে রম্যে সমাসীনো রামো ময়া পৃষ্টঃ, সীতাপতে যোগি-মানস-হংস বিপ্রাণাং গৃহস্থানাং প্রণ-বাধিকারঃ কথং স্যাৎ ইতি। স হোবাচ রামঃ। যেষা-মেষ ষড়ক্ষরাধিকারো বর্ত্ততে তেষাং প্রণবাধিকারঃ স্যাৎ নান্যেষাম্। প্রণবং কেবলম্ অকারোকারমকারার্দ্ধ-

তৎ সম্বোধনম্। মহাবলেতি সংশয় নিরাকরণসামর্থ্যং সূচিতম্। কথং স্যাদিতি যতীনামেব স্বাতন্ত্র্যেণ তদুপাসন-বিধানাৎ ॥ ৭ ॥

সীতাপতে ইত্যাদি হনুমদুক্তং রামস্য সম্বোধনম্। যেষামিতি গৃহস্থ-সাধূনাং ষড়ক্ষরাধিকারঃ সম্প্রতিপন্নঃ প্রণবস্যাঙ্গত্বাৎ, তৎসমান-যোগক্ষেম প্রণবাধিকারঃ, নান্যেষাং ষড়ক্ষরেণাদীক্ষিতানাম্। প্রণবজপং বিনা

অঞ্জনানন্দন! গৃহস্থ ব্রাহ্মণবর্গের প্রণবাধিকার আছে কি না? আমা-দিগের এইরূপ সংশয় হইতেছে। আমরা কেবল যতিদিগেরই প্রণবো-পাসনার বিধান দেখিতেছি, তুমি আমাদিগের সংশয় খণ্ডনার্থ সদুপদেশ প্রদান কর ॥ ৭ ॥

পুনর্ব্বার হনুমান্ কহিতেছেন, একদা রমণীয় অযোধ্যানগরে শ্রীরাম চন্দ্র সমাসীন ছিলেন। আমি সেই সময় তাঁহার নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিয়াছিলাম, সীতাপতে! আপনি যোগিগণের মানস সরোবরে হংসের ন্যায় বিচরণ করিতেছেন, এইক্ষণ আমার অভিলষিত বিষয় কীর্ত্তন করিয়া আমাকে চরিতার্থ করুন। গৃহস্থ বিপ্রগণের প্রণবাধিকার আছে কিনা? তাহা জানিতে বাসনা করি। শ্রীরাম হনুমানের মনোগত জানিয়া কহিতেছেন, বৎস! যাহাদিগের ষড়ক্ষরাধিকার আছে, তাহাদিগের প্রণবাধিকারও আছে। ষড়ক্ষর দীক্ষা বিহীন ব্যক্তিদিগের প্রণবাধিকার নাই, প্রণবের অঙ্গত্ব প্রযুক্ত গৃহস্থ সাধুদিগের ষড়ক্ষরাধিকার প্রতিপন্ন

মাত্রা-সহিতং জপিত্বা যো রামচন্দ্রমন্ত্রং জপতে তস্য শুভকরোঽহং স্যাৎ তস্মাৎ প্রণবস্য চাকারস্য চোকারস্য চ মকারস্য চার্দ্ধমাত্রস্য চ ঋষিচ্ছন্দো-দেবতাঃ তদ্বৎ বর্ণ চতুঃস্থান-স্বর-বেদাগ্নি-গুণাদীন্যুচ্চার্য্য ন্যাসং কৃত্বা প্রণব মন্ত্রান্ দ্বিগুণং জপ্ত্বা পশ্চাদ্রামমন্ত্রমাদ্যন্ত-প্রণবং যো জপতে স রামো ভবেৎ। ইতি রামেণোক্তম্ তস্মাৎ রামাঙ্গং প্রণবঃ কথিত ইতি বায়ুপুত্রেণোক্তাঃ পুনর্হনূমন্তং পপ্রচ্ছুঃ ॥ ৮ ॥

রামমন্ত্রজপেঽধিকার এব নাস্তীত্যাহ প্রণবমিতি। অকারাদি চতুরক্ষর-সহিত-মিতিবক্তব্যম্। অকারাদিষু পৃথগ্‌বিভক্ত্যুচ্চারণং স্বাতন্ত্রেণ ছন্দ-ঋষ্যাদ্যভিধানসূচনার্থম্। তদেবাহ তস্মাদিতি। এষামর্থাদয়োঽথর্ব্বশিরসি মাণ্ডূক্যে নারসিংহে চোক্তাঃ। ন্যাসং কৃত্বা প্রণবকলোক্ত মন্ত্রান্ ষড়ক্ষরান্ আদ্যন্ত-প্রণবম্ আদৌ অন্তে চ প্রণবোঽস্য তং প্রণব-পুটিত-মিত্যর্থঃ জপতে জপতি। উপসংহারঃ তস্মাদিতি। ইত্যমৃতকল্প উক্তাঃ। পুনঃ পঞ্চমং সংশয়ং পপ্রচ্ছুরিত্যন্বয়ঃ ॥ ৮ ॥

হইয়াছে; সুতরাং তাঁহাদিগেরই প্রণবাধিকার জানিবে। প্রণবমন্ত্র জপ না করিলে রামমন্ত্র জপে অধিকার হয় না, কেবল অকার, উকার, মকারাত্মক প্রণবমন্ত্র জপ করিয়া যিনি রামমন্ত্র জপ করেন, আমি তাঁহাকে শুভফল প্রদান করি। অতএব প্রণবের অকার, উকার ও অর্দ্ধমাত্র মকারের ঋষি, ছন্দঃ ও দেবতা জানিয়া যথাবিধি ন্যাস সমাচরণ পূর্ব্বক রামমন্ত্রের আদ্যন্তে প্রণব সংযোগ করিয়া যিনি রামমন্ত্র জপ করেন, তিনি স্বয়ং রামস্বরূপ হইয়া থাকেন। আমি রামের নিকট এইরূপ উপদেশ পাইয়াছি। অতএব ঋষিগণ! প্রণবই রামের অঙ্গমন্ত্র বলিয়া কথিত আছে। বায়ুনন্দন হনূমান্ এইরূপে ঋষিগণের নিকট প্রণবমন্ত্রে গৃহস্থ ব্রাহ্মণগণের অধিকার প্রতিপাদন করিলে পুনর্ব্বার সনকাদি যোগীন্দ্র প্রভৃতিরা হনূমান্‌কে জিজ্ঞাসা করিয়াছিলেন ॥ ৮ ॥

স হোবাচ হনূমান্ রামভক্ত-বিভীষণকৃত-রামপরিচর্য্যায়াং সপ্ত সহস্রাণি সংস্কৃতবাক্যানি সপ্ত সহস্রাণি গদ্যানি পঞ্চশতান্যার্য্যাঃ অষ্টৌ সহস্রাণি শ্লোকাঃ চতুর্ব্বিংশতি-সহস্রাণি পদ্যানি দশ সহস্রাণি দণ্ডকাঃ ইত্যেব মনুক্রমং জ্ঞাত্বা কৃতকৃত্যো ভবেদিতি। ইতি হনুমদুপনিষৎ ॥ ৯ ॥

রামস্য ভক্তো যো বিভীষণঃ তেন কৃতা রামপরিচর্য্যা রামস্তুতিঃ, সা বিস্তরতঃ সম্প্রতি শ্রোতুমশক্যা বহুত্বাৎ উদ্দেশতস্তু বক্ষ্যামীত্যাশয়েনাহ, স হোবাচেতি। গদ্যানি সংস্কৃত-প্রাকৃত-সাধারণানি আর্য্যা গণচ্ছন্দঃ শ্লোকাঃ বৃত্তানি পদ্যানি অনষ্টুপ্প্রায়াঃ, দণ্ডকা ষড়্বিংশত্যাদ্যক্ষরপাদাঃ। নন্থ উদ্দেশমাত্রেণ তদর্থাজ্ঞানাৎ ফলাসম্বন্ধঃ ইত্যাশঙ্ক্য ফলমাহ ইত্যেবমিতি। উদ্দেশেন অনুক্রমো জ্ঞাতঃ তাবতাপি কৃতার্থো ভবেদিত্যর্থঃ। ইতি হনুমদুক্তং রহস্যজ্ঞানম্। অতিবিস্তৃতত্বাৎ সা ন সর্ব্বজনপ্রসিদ্ধেতিভাবঃ ॥ ৯ ॥

হনুমান্ কহিতেছেন।—রামভক্ত বিভীষণ যে রামের স্তব করিয়াছিলেন, তাহা অতি বিস্তৃত; সংপ্রতি সেই স্তুতি শ্রবণ সকলেরই অশক্য দেখিতেছি। ঐ স্তুতিতে সপ্তসহস্র সংস্কৃতবাক্য, সপ্তসহস্র গদ্য, অর্থাৎ সংস্কৃত প্রাকৃত উভয়বিধ বাক্য, পঞ্চশত আর্য্যা, অষ্টসহস্র শ্লোক, চতুর্ব্বিংশতি সহস্র পদ্য, দশসহস্রদণ্ডকা, অর্থাৎ ষড়্বিংশত্যাক্ষর যুক্ত পদান্বিত শ্লোক আছে। বিভীষণ এই স্তুতিদ্বারা কৃত কৃত্যতা লাভ করিয়াছিলেন, এইক্ষণ সেই বিভীষণকৃত স্তবের কিয়দংশ তোমাদিগের নিকট কীর্ত্তন করিতেছি, তোমরাও ইহার সারার্থ জানিতে পারিলে কৃতার্থতা লাভ করিতে পারিবে ॥ ৯ ॥

হনুমানুবাচ।

সিংহাসনে সমাসীনং রামং পৌলস্ত্যসূদনম্।
প্রণম্য দণ্ডবদ্ভূমৌ পৌলস্ত্যো বাক্যমব্রবীৎ ॥ ১০ ॥
রঘুনাথ মহাবাহো কৈবল্যং কথিতং ময়া।
অজ্ঞানাং সুলভঞ্চৈব কথনীয়ঞ্চ সৌলভম্ ॥ ১১ ॥

শ্রীরাম উবাচ।

অথ পঞ্চ দণ্ডকাঃ পিতৃঘ্নো জারো গুরুহানেককোটি-যতিঘ্নোঽনেক-কৃতপাপো যো মম ষণ্ণবতি-কোটি-নামানি

ষ৹ং সন্দেহং নিরস্যতি হনুমানুবাচেতি। পৌলস্ত্যঃ পুলস্ত্যস্যাপত্যং রাবণ তস্য সূদনং নিরসিতারম্ সূদ্ নিরসনে। পৌলস্ত্যঃ বিভীষণ ঃকবল্যামতি। যন্ময়া সংস্কৃতবাক্যাদিষু কৈবল্যং কথিতং নিরূ৹পিতং তত অজ্ঞানানাম্ অকৃতবুদ্ধীনাম্ অসুলভং দুষ্প্রাপং চ শব্দে হেতৌ ততঃ সুলভং সুলভস্য জ্ঞানস্য ইদং কারণং সৌলভং সুলভজ্ঞান প্রাপ্তিসাধনং ত্বয়া কথনীয়মিতি প্রার্থিতো রাম উবাচ ॥ ১০-১১ ॥

অথ শব্দঃ পক্ষব্যাবৃত্ত্যর্থঃ। পঞ্চ দণ্ডকাঃ পঠনীয়াঃ বিভীষণোক্ত দশসহস্রেভ্য উদ্ধৃত্য পঞ্চ পঠনীয়াঃ। জারঃ গুরুতল্পগঃ চতুর্দ্দন-

---

হনুমান কহিলেন,—পুলস্ত্যনন্দন বিভীষণ রাবণবংশধ্বংসকারী শ্রীরাম প্রভুকে সিংহাসনে সমাসীন দেখিয়া ভূমিতলে দণ্ডবৎ প্রণতি পূর্ব্বক বলিলেন, রঘুনাথ! আমি যে সংস্কৃতবাক্যাদিতে কৈবল্যশব্দ প্রয়োগ করিয়াছি, সেই কৈবল্য মন্দবুদ্ধিদিগের দুষ্প্রাপ্য, উহা কিরূপে তাহাদিগের সুলভ হইতে পারে? তাহার উপদেশ করুন্। এইক্ষণ ইহাই আমার প্রার্থনীয় ॥ ১০-১১ ॥

শ্রীরাম বিভীষণের বাক্য শ্রবণ করিয়া কহিতেছেন,—বিভীষণোক্ত দশসহস্র দণ্ডকা হইতে পঞ্চদণ্ডকা উদ্ধৃত করিয়া পাঠ করিবে। পিতৃঘাতী, মাতৃঘাতী, পরস্ত্রীগামী, গুরুহন্তা, কোটি কোটী যতিনাশক, অনেক

জপতে স তেভ্যঃ পাপেভ্যঃ প্রমুচ্যতে স্বয়মেব সচ্চিদানন্দস্বরূপো ভবেন্ন কিম্॥ ১২॥

পুনরুবাচ বিভীষণঃ। তত্রাপ্যশক্তো যঃ স কিং করোতি। স হোবাচ রামঃ পঞ্চাশল্লক্ষ-মন্মন্ত্রমাদ্যন্ত-প্রণবং মন্মন্ত্রাদ্দ্বিগুণঃ প্রণবো যো জপতে স স্বয়মেবাহং ভবেন্ন কিম্। পুনরুবাচ কার্কশেয়ঃ। তত্রাপ্যশক্তা যে তে কিং কুর্ব্বন্তীতি। স হোবাচ রামঃ। অথ ত্রীণি পদ্যানি পুরশ্চরণানি তত্রাপ্যশক্তো যো মম গীতা মন্নামসহস্রং

শতকোটিনামানি রামেত্যাদীনি। সচ্চিদানন্দরূপঃ স্বয়মেব কিং ন ভবেৎ অপি তু ভবেদেব। ইদং মুখ্যং পুরশ্চরণম্॥ ১২॥

সপ্তমং সন্দেহং নিরস্যন্ অনুকল্পান্ প্রশ্নপূর্ব্বকমাহ পুনরিতি। মন্মন্ত্রং যো জপতে ইত্যন্বয়ঃ। মন্মন্ত্রাচ্চ দ্বিগুণঃ প্রণবো জপ্তব্য ইতি

পাপাচারী ব্যক্তিও যদি আমার ষণ্ণবতী কোটিনাম জপ করে, তাহাহইলে পূর্ব্বোক্ত মহাপাপীরা সকলেই স্ব স্ব পাপ হইতে মুক্তিলাভ করিতে পারে এবং স্বয়ং সচ্চিদানন্দ স্বরূপ হইয়া থাকে। ১২॥

পুনর্ব্বার বিভীষণ কহিলেন,—প্রভো! আপনি যেরূপ পাপীগণের নিস্তারোপায় কীর্ত্তন করিলেন, তাহা শ্রবণ করিলাম। পরন্ত যাহারা ভবদুক্ত ষণ্ণবতী কোটিনাম জপে অনধিকারী তাহারা কিরূপে মুক্তিলাভ করিবে? তাহার উপদেশ করুন। তখন শ্রীরামচন্দ্র বিভীষণকে কহিলেন, যে ব্যক্তি আমার মন্ত্রের আদি ও অন্তে প্রণব সংযোগ করিয়া ঐ মন্ত্র পঞ্চাশৎলক্ষ জপ করে এবং আমায় মন্ত্র হইতে দ্বিগুণ প্রণবমন্ত্র জপ করে, সেই ব্যক্তি আমার স্বরূপ হইতে পারে। পুনর্ব্বার বিভীষণ কহিলেন, যাহারা পঞ্চাশল্লক্ষ মন্ত্র ও তদ্দিগুণ প্রণবজপে অশক্ত, তাহারা কি উপায়ে মুক্তিলাভ করিবে? তাহার উপদেশ করুন। তখন শ্রীরামচন্দ্র বিভীষণের বাক্য শ্রবণ করিয়া কহিতেছেন, পঞ্চাশল্লক্ষ জপে অশক্ত ব্যক্তিরা আমার স্তবর চতুশ্চরণ পদ্যত্রয় পাঠ করিবে। উক্ত পদ্যত্রয় পাঠে অশক্ত

মদ্বিশ্বরূপং মদষ্টোত্তরশতাভিধানং নারদোক্তং স্তবরাজং হনুমদুক্তং মন্ত্ররাজাত্মক-স্তবঞ্চ সীতাস্তবঞ্চ রাম রক্ষেত্যা-দিভিঃ স্তবৈরেতৈর্যো মাং নিত্যং স্তৌতি স মৎসদৃশো ভবেন্ন কিম্ ইতি ॥ ১৩ ॥

ইত্যথর্ব্ববেদীয় শ্রীরামোপনিষৎ সমাপ্তা।

॥ ওঁ ॥ তৎসৎ ॥ ওঁ ॥

শেষঃ। স স্বয়মেব অহং রামঃ কিং ন ভবেৎ। পক্ষান্তরং পুনর্বিতি। কর্কশায়া অপত্যং কার্কশেয়ঃ। ত্রীণি পদ্যানি শ্লোকাঃ গীতাদীন্যষ্ট ॥

নারায়ণেন রচিতা শ্রুতিমাত্রোপজীবিনা।
অস্পষ্টপদবাক্যানাং রামোপনিষদ্দীপিকা। ১৩ ॥

ইতি শ্রীভট্টরত্নাকরসূনু-ভট্টনারায়ণবিরচিতা শ্রীরামোপ
নিষদো দীপিকা সম্পূর্ণা।

মনুষ্য আমার গীতা পাঠ করিবে। যাহারা গীতা পাঠে অসমর্থ, তাহারা আমার সহস্রনাম জপ করিবে। সহস্রনাম জপে অশক্ত হইলে আমার বিশ্বরূপ ধ্যান করিবে। যাহারা বিশ্বরূপ ধ্যানে অক্ষম, তাহারা অষ্টোত্তর শতনাম জপ করিবে। অষ্টোত্তর শতনাম জপে অপারগ হইলে নারদোক্ত স্তবরাজ পাঠ করিবে। নারদোক্ত স্তবরাজ পাঠে অশক্ত হইলে হনুমদ্র-চিত স্তব পাঠ করিবে। উক্ত স্তবপাঠে অসমর্থ ব্যক্তি সীতাকৃত স্তব পাঠ করিবে। সীতাকৃত স্তব পাঠে অশক্ত হইলে যে ব্যক্তি "হে রাম! রক্ষ" ইত্যাদি স্তবদ্বারা প্রতিদিন আমার স্তুতি করে, সেই ব্যক্তি নিশ্চয় মৎ সদৃশ হইতে পারে ॥ ১৩ ।

ইতি অথর্ব্ববেদীয় শ্রীরামোপনিষৎ সমাপ্ত।

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

ব্রহ্মবিন্দূপনিষৎ।

(শ্রুতি, দীপিকা ও বঙ্গানুবাদ-সমেত।)

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী-সভা হইতে

শ্রীশ্রীশ্রীপূজ্যপাদ ভগবান্ সাত্ত্বানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে
চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"
"পঞ্চদশী" এবং ষড়্দর্শনাদিশাস্ত্র-প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক
সঙ্কলিত ও প্রকাশিত।

(সভার কার্য্যালয়; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।)

কলিকাতা।

বাগবাজার, রাজা রাজবল্লভ ষ্ট্রীট্ ৮৪ নং, নব-সারস্বত যন্ত্রে
শ্রীনবকুমার বসু দ্বারা মুদ্রিত।

শকাব্দাঃ ১৮০৯, চৈত্র।

॥ ওঁ ॥ তৎসৎ ॥ ওঁ ॥

ব্রহ্মবিন্দূপনিষৎ।

॥ ওঁ ॥ পরমাত্মনে নমঃ ॥ ওঁ ॥

ওঁ মনো হি দ্বিবিধং প্রোক্তং শুদ্ধঞ্চাশুদ্ধমেব চ।
অশুদ্ধং কামসঙ্কল্পং শুদ্ধং কামবিবর্জ্জিতম্ ॥ ১ ॥

ব্রহ্মাববোধিকা ব্রহ্মবিন্দুপনিষদুচ্যতে।
অষ্টাদশী চতুঃখণ্ডা শৌনকগ্রন্থবিস্তরে ॥ ১ ॥

উক্তো যোগঃ তৎফলং ব্রহ্মসাক্ষাৎকারঃ তদ্‌ব্রহ্ম কীদৃশং কীদৃশঃ সাক্ষাৎকারঃ কীদৃশশ্চ লয়রূপঃ সমাধিঃ এতদর্থমুত্তরো গ্রন্থ আরভ্যতে মনো হি দ্বিবিধমিত্যাদিনা। তয়োর্লক্ষণমাহ শুদ্ধমিতি কামাৎ সঙ্কল্প-য়তে তৎ কামসঙ্কল্পম্ ॥ ১ ॥

যতপ্রকার যোগ উক্ত আছে, ব্রহ্মসাক্ষাৎকারই তাহার ফল। এই-ক্ষণ ব্রহ্ম কীদৃশ ? ব্রহ্মসাক্ষাৎকার কিরূপ ? লয়রূপ সমাধিই বা কিরূপ ? এই সকল আশঙ্কার নিরাসার্থ এই ব্রহ্মবিন্দুপনিষদের আরম্ভ হইয়াছে। মনঃ দ্বিবিধ, শুদ্ধ ও অশুদ্ধ, কামনাসমন্বিত মনই অশুদ্ধ এবং নিষ্কামী মন শুদ্ধ ॥ ১ ॥

মন এব মনুষ্যাণাং কারণং বন্ধমোক্ষয়োঃ।
বন্ধায় বিষয়াসক্তং মুক্ত্যৈ নির্ব্বিষয়ং স্মৃতম্॥ ২॥
যতো নির্ব্বিষয়স্যাস্য মনসো মুক্তিরিষ্যতে।
তস্মান্নির্ব্বিষয়ং নিত্যং মনঃ কার্য্যং মুমুক্ষুণা॥ ৩॥
নিরস্তবিষয়াসঙ্গং সন্নিরুদ্ধং মনো হৃদি।
যদা যাত্যুন্মনীভাবং তদা তৎ পরমম্পদম্॥ ৪॥
তাবদেব নিরোদ্ধব্যং যাবদ্হৃদি গতং ক্ষয়ম্।
এতজ্জ্ঞানঞ্চ মোক্ষঞ্চ অতোঽন্যো গ্রন্থবিস্তরঃ॥ ৫॥

মনসো মুক্তিঃ লয়ঃ হৃদি হৃৎকমলে উন্মনীভাবঃ নিঃসঙ্কল্পতা তদুক্তম্। যো মনঃসুস্থিরীভাবঃ সা চাবস্থা মনোন্মনী ইতি। নৈবেতি আদ্যপাদে বিধেয়দ্বয়ম্ দ্বিতীয়পাদে ক্রমেণোদ্দেশ্যদ্বয়ম্॥ ২-৫॥

মনই মনুষ্যগণের বন্ধমোক্ষের কারণ। বিষয়াশক্ত মন মনুষ্যগণকে সংসারে বদ্ধ করে এবং মন নির্ব্বিষয় হইলেই মানবগণের মুক্তি হইতে পারে॥ ২॥

যেহেতু মন নির্ব্বিষয় হইলেই মনুষ্যের মুক্তি হয়, অতএব মুক্তিকামী ব্যক্তিরা মনকে বিষয়শূন্য করিবে, অর্থাৎ যাহাতে মনের বিষয়াশক্তি নিবৃত্তি হয়, সর্ব্বপ্রযত্নে তাহার চেষ্টা করিতে হইবে। ৩।

যখন মন সমস্ত বিষয়াসঙ্গ পরিত্যাগপূর্ব্বক হৃদয়ে নিরুদ্ধ হইয়া উন্মনীভাব প্রাপ্ত হয়, তখনই পরমপদ লাভ হইয়া থাকে। মনের নিঃসঙ্কল্পতাই উন্মনীভাব। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, মনের যে স্থিরীভাবরূপ অবস্থা, তাহাকে উন্মনীভাব বলা যায়॥ ৪।

যাবৎ মনঃ হৃদয়ে ক্ষয় প্রাপ্ত হয়, অর্থাৎ মনের সঙ্কল্প নিবারিত হয়, তাবৎ মনকে নিরুদ্ধ করিবে, অর্থাৎ যাহাতে মন হইতে বিষয়াশক্তি দূরীভূত হইতে পারে, তাহাই করিবে। এইরূপ হইলেই ব্রহ্মবিজ্ঞান হইয়া থাকে এবং তাহাতেই মোক্ষলাভ হয়। ৫॥

নৈব চিন্ত্যং ন চাচিন্ত্যমচিন্ত্যং চিন্ত্যমেব চ।
পক্ষপাতবিনির্ম্মুক্তং ব্রহ্ম সম্পদ্যতে তদা ॥ ৬ ॥
স্বরেণ সন্ধয়েদ্‌যোগমস্বরং ভাবয়েৎ পরম্।
অস্বরেণ হি ভাবেন ভাবো নাভাব ইষ্যতে ॥ ৭ ॥

নমু মনঃ কথং নির্ব্বিষয়ং স্যাৎ তত্ত্বস্য চিন্তনীয়ত্বাৎ অতত্ত্বস্য চ বিস্মরণীয়ত্বাচ্চ ইত্যত আহ অচিন্ত্যমিতি। অচিন্ত্যং চিন্তয়িতুমশক্যং যৎ তত্ত্বং তদৈব চিন্ত্যম্ অবিষয়ত্বাৎ চিন্ত্যমেব সর্ব্বদা চিন্তয়িতুং যোগ্যমেব যৎ বিষয়জাতং তদচিন্ত্যম্ চিন্তয়িতুমযোগ্যং বিস্মরণীয়ং নাস্তি অবস্তুত্বাৎ ন স্মর্ত্তব্যং নাপি বিস্মর্ত্তব্যম্ কিঞ্চিদস্তীত্যর্থঃ। পক্ষপাতস্তু তত্ত্বচিন্তনম্ অতত্ত্ববিস্মরণঞ্চ তেন বিনির্ম্মুক্তং রহিতং যদা ভবতি তদা ব্রহ্ম সম্পদ্যতে ॥ ৬ ॥

প্রথমাধিকারিণং প্রত্যাহ স্বরেণেতি। স্বরেণ শব্দেন গুরূপদেশেন প্রণবেন বা যোগং চিত্তনিরোধং সন্ধয়েৎ আরভেত অস্বরং শব্দাতীতং পরং বস্তু ভাবয়েৎ চিন্তয়েৎ। ভাবেন ভাব্যমানেন চিন্ত্যমানেন ভাবঃ বস্তু পরং ব্রহ্ম অভাবঃ শূন্যং নেষ্যতে কিন্তু অস্তীতি ইষ্যতে গম্যতে ইষ সর্পণে ব্রহ্মসাক্ষাদ্ভবতীত্যর্থঃ। যে গত্যর্থাস্তে জ্ঞানার্থাঃ। অথবা স্বরেণ অকারোকারোপলক্ষিতেন জাগ্রৎস্বপ্নাখ্যেন যোগং কুর্য্যাৎ শ্রদ্ধাতিশয়েন

কিরূপে মনঃ নির্ব্বিষয় হইতে পারে? এই আশঙ্কায় বলিতেছেন।—তত্ত্বচিন্তন ও অতত্ত্ব বিস্মরণ হইতেই মন নির্ব্বিষয় হইতে পারে। যাহা চিন্তার অযোগ্য, তাহার চিন্তা হইতে পারে না, যেহেতু অবিষয় চিন্তা অসম্ভব। আর যাহা চিন্তার যোগ্য, সর্ব্বদা তাহারই চিন্তা করিবে। বিষয় সকলই অচিন্ত্য, অতএব তাহা চিন্তা না করিয়া বিস্মৃত হইবে। যখন মন পক্ষপাত শূন্য, অর্থাৎ ইহা চিন্তনীয় এবং ইহা অচিন্তনীয়, এই-রূপ জ্ঞানবিবর্জ্জিত হয়, তখনই ব্রহ্মলাভ হইয়া থাকে ॥ ৬ ॥

প্রথমাধিকারীর প্রতি বলিতেছেন।—সাধক ব্যক্তি প্রথমত গুরূপ-দেশ, অথবা প্রণব জপদ্বারা চিত্তবৃত্তি নিরোধরূপ যোগ অভ্যাস আরম্ভ

তদেব নিষ্কলং ব্রহ্ম নির্ব্বিকল্পং নিরঞ্জনম্।
তদ্ব্রহ্মাহমিতি জ্ঞাত্বা ব্রহ্ম সম্পদ্যতে ধ্রুবম্॥ ৮॥
নির্ব্বিকল্পমনন্তঞ্চ হেতুদৃষ্টান্তবর্জ্জিতম্।
অপ্রমেয়মনাদ্যঞ্চ জ্ঞাত্বা চ পরমং শিবম্॥ ৯॥
ন নিরোধো ন চোৎপত্তির্ন বন্ধ্যো ন চ শাসনম্।
ন মুমুক্ষা ন মুক্তিশ্চ ইত্যেষা পরমার্থতা॥ ১০॥

জাগ্রৎস্বপ্নেঽপি তদভ্যাসসম্ভবাৎ অস্বরং মকারোপলক্ষিতম্ আনন্দস্থানম্ পরম্ অগ্রেতনম্ ভাবয়েৎ। অস্বরেণ মকারাখ্যেন ভাবেন মাত্রয়া নাভাবঃ অভাবো ন কিন্তু পূর্ণো ভাবঃ তুরীয়ম্ ইষ্যতে গম্যতে ইতি। তদুক্তমমৃতবিন্দৌ "অস্বরেণ মকারেণ পদং সূক্ষ্মঞ্চ গচ্ছতি" ইতি। ৭।

তবেদেতি যৎ সাক্ষাৎ ভবতি তদেব ব্রহ্ম নতু তদেব নৈবমিতি শক্যতে। ৮ ৯॥

নিরোধঃ মরণম্ শাসনম্ উপদেশঃ ন মুক্তিশ্চ ইতি। এষা ইতি পদ-

করিবে। অনন্তর অস্বর, অর্থাৎ বাক্যের অতীত পরমবস্তু চিন্তা করিতে হইবে। সর্ব্বদা পরব্রহ্ম বিদ্যমান আছেন, ইহাই চিন্তা করিবে, কদাচ ঈশ্বর নাই, এইরূপ জ্ঞান করিবে না। অথবা অকারোকারোপলক্ষিত জাগ্রৎস্বপ্নরূপে যোগ করিবে, অর্থাৎ শ্রদ্ধাতিশয়বশত জাগ্রৎ ও স্বপ্নাবস্থায় যোগাভ্যাস করা কর্ত্তব্য। ৭॥

যাঁহার সাক্ষাৎকারে মোক্ষলাভ হয়, তিনিই পরব্রহ্ম। ইনি নিষ্কাম, অর্থাৎ সর্ব্বত্র নির্লিপ্ত। সেই ব্রহ্মই আমি, এইরূপ জ্ঞান হইলেই নিশ্চয় ব্রহ্মপ্রাপ্তি হইয়া থাকে॥ ৮॥

ব্রহ্ম নির্ব্বিকল্প ও অনন্ত, তিনি হেতু ও দৃষ্টান্তবর্জ্জিত, অর্থাৎ তাহার কোন কারণ, বা হেতু নাই, আর কোনরূপ পরব্রহ্মের পরিমাণ করা যায় না, এইরূপ সর্ব্বমঙ্গলাকর পরব্রহ্মকে জানিতে পারিলে পরমপদপ্রাপ্তি হইয়া থাকে। ৯॥

আত্মার মরণ নাই, উৎপত্তি নাই, বন্ধ নাই, উপদেশ নাই, মুক্তির ইচ্ছা

এক আত্মা চ মন্তব্যো জাগ্রৎস্বপ্নসুষুপ্তিষু।
স্থানত্রয়াদ্ব্যতীতস্য পুনর্জ্জন্ম ন বিদ্যতে॥ ১১ ॥
এক এব হি ভূতাত্মা ভূতে ভূতে ব্যবস্থিতঃ।
একধা বহুধা চৈব দৃশ্যতে জলচন্দ্রবৎ॥ ১২ ॥
ঘটসম্ভৃতমাকাশং লীয়মানে ঘটে যথা।
ঘটো লীয়েত নাকাশং তদ্বজ্জীবো নভোপমঃ॥ ১৩ ॥
ঘটবদ্বিবিধাকারং ভিদ্যমানং পুনঃ পুনঃ।

চ্ছেদঃ ইদমর্থকো নিপাতঃ যদ্বা ইত্যেষা চেদ্‌বুদ্ধিঃ তর্হি পরমার্থতা সত্যার্থজ্ঞতা সম্পন্নেত্যর্থঃ॥ ১০ ॥

ব্যতীতস্য নিষ্ক্রান্তস্য অধিকারিণঃ নভোপমঃ আকাশতুল্যঃ ছান্দসঃ সন্ধিঃ নভশব্দোঽকারান্তঃ॥ ১১-১৩ ॥

ভিদ্যমানং দেহজাতং নিত্যশঃ নিত্যম্ আত্মানং স জানাতি দ্বিতীয়ান্তাৎ স্বার্থে শস্‌প্রত্যয়ঃ॥ ১৪ ॥

নাই এবং মুক্তি নাই, ইহাই পরমার্থতা, অর্থাৎ যাহার এইরূপ জ্ঞান আছে, তিনি প্রকৃতজ্ঞানী। ১০ ॥

জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি, এই অবস্থাত্রয়ে একই আত্মা জানিবে। উক্ত অবস্থাত্রয় হইতে নিষ্ক্রান্ত হইলে পুনর্জ্জন্ম হয় না। আত্মা উক্ত অবস্থাত্রয় হইতে নিষ্ক্রান্ত হইলেই মুক্তিলাভ হইয়া থাকে। ১১ ॥

এক আত্মাই সর্ব্বভূতে অবস্থিত আছেন, যেমন এক চন্দ্রই জলমধ্যে বহুবিধ দৃষ্ট হয়, সেইরূপ একই আত্মা প্রতি ব্যক্তিতে পৃথক্ পৃথক্ দৃষ্ট হইয়া থাকে॥ ১২ ॥

যেমন ঘটমধ্যে যে আকাশ দৃষ্ট হয়, ঘট ভগ্ন হইলেও সেই আকাশ নষ্ট হয় না, সেইরূপ দেহমধ্যে জীবের অবস্থান অনুমিত হয় বটে, কিন্তু সেই দেহই নষ্ট হইয়া থাকে, জীব কখনও নাশ পায় না। ১৩ ॥

যেমন ঘট পুনঃ পুনঃ নষ্ট হইয়া থাকে, সেইরূপ বিবিধাকার দেহই

তদ্ভগ্নং ন চ জানাতি স জানাতি চ নিত্যশঃ ॥ ১৪ ॥

শব্দমায়াবৃতো যাবত্তাবত্তিষ্ঠতি পুষ্করে।

ভিন্নে তমসি চৈকত্বমেকমেবানুপশ্যতি ॥ ১৫ ॥

শব্দাক্ষরং পরং ব্রহ্ম যস্মিন্ ক্ষীণে যদক্ষরম্।

তদ্বিদ্বানক্ষরং ধ্যায়েদ্যদীচ্ছেচ্ছান্তিমাত্মনঃ ॥ ১৬ ॥

শব্দেতি শব্দমাত্রং যা মায়া ন বাস্তবী বাচারম্ভণম্ ইতি শ্রুতেঃ তয়া আবৃতো যাবৎ তাবৎ পুষ্করে হৃৎপুণ্ডরীকে তিষ্ঠতি। ভিন্নে জ্ঞানেন নিবৃত্তে তমসি অজ্ঞানে একত্বং ভবতি একমেব চ অনুপশ্যতি "পুষ্কর পঙ্কজে ব্যোম্নি পয়ঃকরিকরাগ্রয়োঃ। ওষধীদ্বীপবিহগতীর্থরাগোরগান্তরে পুষ্করং তূর্য্যবক্তে চ কাণ্ডে খড়্গফলেঽপি চ॥" ইতি বিশ্বঃ ॥ ১৫ ॥

শব্দাক্ষরমিতি শব্দশ্চ তদক্ষরঞ্চ শব্দাক্ষরং শব্দব্রহ্ম ইত্যর্থঃ তথা পর ব্রহ্ম চৈতন্যঞ্চ এতদ্দ্বয়ং বর্ত্ততে। বিদ্বান্ পণ্ডিতঃ এতয়োর্ম্মধ্যে যস্মি ক্ষীণে সতি যৎ অক্ষরম্ অক্ষীণং ভবতি তৎ অক্ষরং যদি ধ্যায়েৎ চিন্তয়ে তথা যদি ইচ্ছেৎ বাঞ্ছেৎ তর্হি শান্তিম্ আপ্নুয়াৎ ॥ ১৬ ॥

বিনাশ পায়। সেই ভিদ্যমান দেহ কিছুই জানিতে পারে না, কেব আত্মাই সকল জানিয়া থাকে ॥ ১৪ ॥

মায়া কেবল শব্দমাত্র, যাবৎ জীব সেই মায়াদ্বারা সমাবৃত থাবে তাবৎ হৃদয়পুণ্ডরীকমধ্যে অবস্থান করে। পরন্তু যখন অজ্ঞান নষ্ট হই যায়, তখন জীব একত্ব দর্শন করে, অর্থাৎ পরমাত্মা ও জীবের একীভা উপস্থিত হয়। ১৫ ॥

শব্দব্রহ্ম ও পরব্রহ্ম, এই উভয়ই বর্ত্তমান আছেন। এই দুয়ের ম যে ক্ষীণ হইলে যে অক্ষীণ থাকে, সেই অক্ষরব্রহ্মকে যদি পণ্ডিত ব্যা চিন্তা করে, তাহাহইলে সেই ব্যক্তির শান্তিকামনা থাকিলে শান্তিলা করিতে পারেন। ১৬ ।

দ্বে বিদ্যে বেদিতব্যে তু শব্দব্রহ্মপরঞ্চ যৎ।
শব্দব্রহ্মণি নিষ্ণাতঃ পরং ব্রহ্মাধিগচ্ছতি॥ ১৭॥
গ্রন্থমভ্যস্য মেধাবী জ্ঞানবিজ্ঞানতত্ত্বতঃ।
পলালমিব ধান্যার্থী ত্যজেদ্‌গ্রন্থমশেষতঃ॥ ১৮॥
গবামনেকবর্ণানাং ক্ষীরস্যাপ্যেকবর্ণতা।
ক্ষীরবৎ পশ্যতে জ্ঞানং লিঙ্গিনস্তু গবাং যথা॥ ১৯॥

তদেব স্পষ্টযতি দ্বে ইতি। নিষ্ণাতঃ কুশলঃ নিনদীভ্যাং স্নাতেঃ কৌশলে ইতি যত্বম্। বিদ্যাস্নাত ইত্যর্থঃ॥ ১৭॥

মেধাবী গ্রন্থাভ্যাসেন কৃতবুদ্ধিঃ জ্ঞানং শাব্দং বিজ্ঞানং সাক্ষাৎকারঃ উভয়োঃ তত্ত্বতঃ তত্ত্বং জ্ঞাত্বা ল্যবর্থে পঞ্চমী। ১৮॥

গবামিতি। গবাং সৌরভেয়ীণাম্ অনেকবর্ণানামপি সতীনাং যৎ ক্ষীরং তস্যৈকবর্ণতা ভবতি বিদ্বান্ গ্রন্থেষু ক্ষীরবজ্‌জ্ঞানং পশ্যতে পরীক্ষ্য গৃহ্লাতি। যথা লিঙ্গিনঃ বেত্রধারিণঃ আভীরাঃ গবাং ক্ষীরং গৃহ্লন্তি তদ্বৎ॥ ১৯॥

শব্দবিদ্যা ও ব্রহ্মবিদ্যা, এই দ্বিবিধ বিদ্যাই প্রসিদ্ধ আছে। যে ব্যক্তি উক্ত বিদ্যাদ্বয়ের মধ্যে ব্রহ্মবিদ্যায় পারদর্শী, তিনিই পরব্রহ্ম লাভ করিয়া থাকেন, তদ্ভিন্ন ব্রহ্মলাভ হইতে পারে না॥ ১৭।

যেমন ধান্যার্থী ব্যক্তি তৃণ সহিত ধান্য সংগ্রহ করিয়া ধান্যগ্রহণ পূর্ব্বক তৃণ পরিত্যাগ করে, সেইরূপ মেধাবী ব্যক্তি গ্রন্থ অভ্যাস করিয়া তত্ত্ব-জ্ঞান লাভ হইলে গ্রন্থ পরিত্যাগ করিয়া থাকে॥ ১৮।

যেমন গো সকল অনেক বর্ণ হইলেও তাহাদিগের দুগ্ধ একবর্ণই হয়, সেইরূপ নানাবিধ গ্রন্থে একরূপ জ্ঞানই দৃষ্ট হয়। গোপগণ যেমন পরীক্ষা করিয়া দুগ্ধ গ্রহণ করে, পণ্ডিতগণ সেইরূপ পরীক্ষা করিয়া গ্রন্থ হইতে জ্ঞানলাভ করিবেন॥ ১৯॥

ঘৃতমিব পয়সি নিগূঢ়ং ভূতে ভূতে চ বসতি বিজ্ঞানম্।
সততং মন্থয়িতব্যং মনসা মন্থানভূতেন ॥ ২০ ॥
জ্ঞাননেত্রং সমাদায় চরেদ্বহ্নিমতঃপরম্।
নিষ্কলং নির্ম্মলং শান্তং তদ্‌ব্রহ্মাহমিতি স্মৃতম্ ॥ ২১ ॥
সর্ব্বভূতাধিবাসঞ্চ যদ্‌ভূতেষু বসত্যধি।

সদৃষ্টান্তং জ্ঞেয়স্য গ্রহণোপায়মাহ ঘৃতমিবেতি। ২০ ॥

জ্ঞাননেত্রমিতি। জ্ঞানং শাস্ত্রোত্থং তদেব নেত্রং দৃষ্টিঃ তৎ সমাদায় শাস্ত্রতো গুরুতশ্চ গৃহীত্বা ততঃ পরং বহ্নিং বৈশ্বানরম্ অনুভবরূপং চরেৎ সাধয়েৎ। সাক্ষাৎকারস্য বহ্নিতা শাস্ত্রে প্রসিদ্ধা যথা—"জ্ঞানাগ্নিঃ সর্ব্ব-কর্ম্মাণি ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন" ইতি। যদ্বা বহ্নিং প্রণবং চরেৎ উচ্চরেৎ বক্ষ্যতি চ অগ্নিং শব্দমেবানুচিন্তয়েৎ। ওমিত্যেকাক্ষরং ব্রহ্মেতি শব্দস্যাগ্নিতা মুখজত্বাৎ "মুখাদগ্নিরজায়ত" ইতি শ্রুতেঃ প্রকাশকত্বাচ্চ। অনুভবস্য বিষয়মাহ নিষ্কলমিতি। অনুভবস্য স্বরূপমভিনীয় দর্শয়তি তদিতি। তৎ জ্ঞানং ব্রহ্মাহমিত্যেবমাকারং স্মৃতম্ ॥ ২১ ॥

সর্ব্বেষাং ভূতানামধিবাসোঽস্মিন্ সর্ব্বভূতাধিবাসঃ যচ্চ ভূতেষ্বধিবসতি যস্মাদধিতমিতি সপ্তমী সর্ব্বানুগ্রহকর্ত্তৃত্বেন বাসুদেব ইতি প্রসিদ্ধঃ তদহ

যেমন সকল দুগ্ধ মধ্যেই ঘৃত বিদ্যমান থাকে, সেইরূপ সর্ব্বভূতেই বিজ্ঞান বাস করিতেছে। আর যেরূপ মন্থান দণ্ডদ্বারা দুগ্ধ মন্থন করিয়া ঘৃত গ্রহণ করিতে হয়, সেইরূপ মনকে মন্থান দণ্ড করিয়া বিজ্ঞানলাভ করা কর্ত্তব্য ॥ ২০ ॥

সাধকবর্গ গুরু, কিম্বা শাস্ত্র হইতে যে জ্ঞানলাভ করিয়াছেন, সেই জ্ঞান-স্বরূপ নেত্রসহকারে ব্রহ্মসাক্ষাৎকারে প্রবৃত্ত হইবে. অথবা প্রণব উচ্চা-রণ করিবে. তাহাহইলে আমিই নিষ্কল শান্ত ব্রহ্মস্বরূপ, এই প্রকার জ্ঞান হইয়া থাকে ॥ ২১ ॥

যিনি সর্ব্বভূতের আশ্রয় হইয়াও সর্ব্বভূতে বাস করিতেছেন এবং

সর্ব্বানুগ্রাহকত্বেন তদস্ম্যহং বাসুদেব।
তদস্ম্যহং বাসুদেব ॥ ২২ ॥

ইতি ব্রহ্মবিন্দূপনিষৎ সমাপ্তা ॥

স্মি স এব বাসুদেব ইতি প্রসিদ্ধং তদহমস্মি স এব বাসুদেব ঈশ্বরোঽপি
ীবেশ্বরয়োর্ব্রহ্মণৈক্যমিত্যর্থঃ দ্বিরুক্তিঃ সমাপ্ত্যর্থা ॥ ২২ ।

নারায়ণেন রচিতা শ্রুতিমাত্রোপজীবিনা।
অস্পষ্টপদবাক্যানাং দীপিকা ব্রহ্মবিন্দুকে ॥

ইতি ব্রহ্মবিন্দূপনিষদ্দীপিকা সম্পূর্ণা ।

যিনি সকলের প্রতি অনুগ্রহ করিয়া থাকেন, আমি সেই বাসুদেব,
এইরূপ জ্ঞান হইলে জীব ও ব্রহ্মের ঐক্যজ্ঞান হইয়া মুক্তি হয়। ২২।

ইতি ব্রহ্মবিন্দু-উপনিষৎ সমাপ্ত ॥